

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৯০তম বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ	:	২৮ ফেব্রুয়ারি, ২০১০
স্থান	:	সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি	:	কর্ণেল তানভির হাসান মজুমদার প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্যাপ্টেন আসলাম পারভেজ, (ট্যাজ), এএফডব্লিউসি, পিএসসি, বিএন অধিনায়ক বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	উপস্থিত
গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ ওয়াসেক ইকবাল খান মজলিশ, পিএসসি, জিডি(পি) অধিনায়ক (প্রশাসনিক শাখা) বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	অনুপস্থিত
লেঃ কর্নেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	উপস্থিত
মেজর এ কে এম শহীদুল হাসান স্টেশন হেলথ অফিসার প্রতিনিধি, কমান্ড্যান্ট সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	উপস্থিত
ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ মোতাহার হোসেন বাড়ী#১৮৬, লেন#৩, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	উপস্থিত
জনাব হেলাল উদ্দিন আহমেদ বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	উপস্থিত
শাহে এলিদি মাইনুল আমিন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	অনুপস্থিত

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ, পিএসসি (অবঃ),
সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর মোঃ নূরুল ইসলাম (অবঃ), ই সি সদস্য, মহাখালী ডিওএইচএস পরিষদ, লেঃ
সিএম এম আব্দুর রব (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্নেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি
(অবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনাতে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

আলোচ্যসূচী-১ : গত ২৮ জানুয়ারি, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা : গত ২৮ জানুয়ারি, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনাতে উক্ত সভার কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : গত ২৮ জানুয়ারি, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনাতে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ : জানুয়ারি, ২০১০ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা : বিষয়টির উপর পর্যালোচনায় দেখা যায় যে, ২০০৯-২০১০ আর্থিক সালে গৃহকর বাবদ মোট চলতি দাবী ১,৭০,০০,০০০.০০ টাকা এবং পূর্ববর্তী বছরের বকেয়া ৫৭,১৫,৩৩৫.০০ টাকাসহ সর্বমোট দাবী ২,২৭,১৫,৩৩৫.০০ টাকার মধ্যে ৩১ জানুয়ারি, ২০১০ তারিখ পর্যন্ত মোট আদায় হয়েছে ১,৮৪,৮২,১৪৪.০০ টাকা। যার মধ্যে ক্যান্ট বাজার এলাকার গৃহকর বাবদ ১৬,৭০,৫৫৭.০০ টাকা, ডিওএইচএস বনানী এলাকার গৃহকর বাবদ ২৬,৩৪,৯৭৬.০০ টাকা, ডিওএইচএস মহাখালী এলাকার গৃহকর বাবদ ৭৭,৮৪,৯৩০.০০ টাকা, ডিওএইচএস বারিধারা এলাকার গৃহকর বাবদ ৭০,৮৬,৬৮৩.০০ টাকা, ডিওএইচএস মিরপুর এলাকার গৃহকর বাবদ ৩২,৯৫৬.০০ টাকা, কচুক্ষেত এলাকার গৃহকর বাবদ ৮,০৫,৮০০.০০ টাকা আদায় হয়েছে। এছাড়াও রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ ৬২,৩৮,৯৫১.০০ টাকা আদায় করা হয়েছে।

সিদ্ধান্ত : জানুয়ারি, ২০১০ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন করা হলো। কচুক্ষেত পুরান বাজার এলাকার বকেয়া গৃহকর পরিশোধের জন্য চূড়ান্ত নোটিশ প্রদান করা হোক। নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া গৃহকর পরিশোধে ব্যর্থ হলে সংশ্লিষ্টদের ইউলিটি সার্ভিস বন্ধকরণসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩ : জানুয়ারি, ২০১০ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, জানুয়ারি, ২০১০ মাসে আয় হয়েছে ৩,০৩,৬২,৩১৪.৬৭ টাকা এবং ব্যয় হয়েছে ১,৯৬,৬২,৭২৫.০০ টাকা।

সিদ্ধান্ত : জানুয়ারি, ২০১০ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-৪ : জানুয়ারি, ২০১০ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০১০ মাসে সেনানিবাসের মশার Breeding Spot গুলোতে ভোর ০৫-০০ ঘটিকা হতে মশক নিধন ঔষধ প্রয়োগ করা হয়েছে। এ মাসে বাসস্থান গুলোতে Fogging করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সেনানিবাসে ব্যাপকভাবে মশার উপদ্রব বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে এসএইচও'র বিদ্যমান ফগার মেশিনসহ স্টেশন সদর দপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ডের ফগার মেশিনগুলো একত্র করে এসএইচও অধীনে একটি সমন্বিত পরিকল্পনার মাধ্যমে মশক নিধন কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। ডিওএইচএসসমূহে মশক নিধন কার্যক্রম পরিচালনার জন্য প্রত্যেকটি ডিওএইচএস পরিষদকে ক্যান্টনমেন্ট বোর্ড হতে একটি করে ফগার মেশিন প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত : সেনানিবাসে মশার উপদ্রব রোধকল্পে একটি সমন্বিত পরিকল্পনা প্রণয়ন করে এসএইচও তত্ত্বাবধানে ব্যাপকভাবে মশক নিধন কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো। প্রয়োজনীয় কীটনাশক ও লোকবল যথাক্রমে স্টেশন সদর দপ্তর ও ক্যান্টনমেন্ট বোর্ড প্রদান করবে। এছাড়াও প্রতিটি ডিওএইচএস এর জন্য একটি করে মোট ০৪(চার)টি ফগার মেশিন ক্রয়ের করার সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ব্যয় আর্মি, নেভী ও বিমান বাহিনী কঞ্জারভেসী খাত হতে নির্বাহ করতে হবে।

চলমান পাতা-৩

অনুলোচনা-৫ : ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী প্রসংগে।

প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৩০২ নং ফ্ল্যাটটি প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র এবং ক্যান্টনমেন্ট বোর্ডসভার অনুমোদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। সে মোতাবেক সংশ্লিষ্ট ক্রেতা রেজিস্ট্রি দলিলমূলে উক্ত ফ্ল্যাটটি ক্রয় করেন এবং নামজারীর জন্য অত্র দপ্তরে আবেদন করেন। উল্লেখ্য যে, উক্ত ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর জুন, ২০০৯ পর্যন্ত পরিশোধিত আছে। বিস্তারিত পর্যালোচনান্তে উক্ত ফ্ল্যাটটি সংশ্লিষ্ট ক্রেতার নামে নামজারী করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয় :-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
	বাড়ী#৬৯, ফ্ল্যাট#৩০২, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	হোসনেয়ারা হোসেন স্বামী- শেখ আবু রেজা বাড়ী#৬৯, ফ্ল্যাট#৩০২, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ২১/০১/২০১০	২২ জানুয়ারি, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র।	০৮ এপ্রিল, ২০০৯ তারিখের ঢাকাবো/কাঃবাঃএ/ প্লট নং-৬৯/ই/ফ্ল্যাট নং- ৩০২/১০ নং পত্র।	রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা উক্ত ফ্ল্যাটটির বাৎসরিক গৃহকর ৪,০৩০/- জুন, ২০০৯ পর্যন্ত পরিশোধ।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৩০২ নং ফ্ল্যাটটি মিসেস হোসনে আরা হোসেন, স্বামী- শেখ আবু রেজা এর নামে নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অনুলোচনা-৬ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫ নং প্লট ও প্লটে নির্মিতব্য বাড়ীটি ওয়ারিশগণের মধ্যে আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রেশনের অনুমতি প্রদান প্রসংগে।

অনুলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি জনাব এম এ মালেক ও তদীয় স্ত্রী মিসেস মমতাজ বেগম ক্রয়সূত্রে মালিক। মালিকগণ এর মৃত্যুর পর তাঁদের উত্তরাধিকারী দুই পুত্র ও ৫ কন্যা উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি নিজেদের মধ্যে আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করার জন্য অত্র দপ্তরের অনুমতি চাওয়া হয়েছে। এ বিষয়ে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়েছে। উক্ত মতামতে তিনি জানান যে, এতে আইনগত কোন বাধা নেই। বিস্তারিত পর্যালোচনান্তে অবিভাজ্য, অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় আলোচ্য প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি সংশ্লিষ্ট উত্তরাধিকারীদের মধ্যে আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করার অনুমতি দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : জনাব এম এ মালেক ও তদীয় স্ত্রী মিসেস মমতাজ বেগম এর নিম্নবর্ণিত উত্তরাধিকারীগণের নামে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি অবিভাজ্য, অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

ক্রমিক নং	নাম	সম্পর্ক
(১)	বেগম সেলিনা চৌধুরী	কন্যা
(২)	বেগম সাহানারা হাওলাদার	কন্যা
(৩)	বেগম নাসিমা কবির	কন্যা
(৪)	বেগম সুলতানা মোর্শেদ	কন্যা
(৫)	বেগম সাহানা ফেরদৌসী আলী	কন্যা
(৬)	জনাব এ টি এম ইয়াছিন ফেরদৌস	পুত্র
(৭)	জনাব নাছিম ফেরদৌস	পুত্র

চলমান পাতা-৪

মাস্টারপ্ল্যান-৭ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০/এ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি ডিক্লারেশন অব হেবা/দানপত্র রেজিস্ট্রি করার অনুমতি প্রদান প্রসঙ্গে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০/এ নং প্লট ও প্লটে নির্মিত ০৪(চার) তলা বাড়ীর মালিক জনাব এম এইচ ইসলাম চৌধুরী। তিনি উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি তাঁর এ পুত্রের নামে ডিক্লারেশন অব হেবা/দানপত্র রেজিস্ট্রি করার অনুমতি চেয়ে অত্র দপ্তরে আবেদন করেছেন। এ বিষয়ে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত বাড়ীর বাৎসরিক গৃহকর ২৬,৫০০/- টাকা এবং তা জুন, ২০১০ পর্যন্ত পরিশোধ আছে। উক্ত বাড়ীর ৪৮০.০০ বর্গফুট অননুমোদিত নির্মাণের মধ্যে ২৫৬.০০ বর্গফুটের জন্য ৫১,২০০/- টাকা ২৪/২/২০০৪ তারিখে পরিশোধ করা হয়েছে। অবশিষ্ট ক্ষতিপূরণ বহির্ভূত ২২৪.০০ বর্গফুট অননুমোদিত নির্মাণ রয়েছে।

সিদ্ধান্ত : ক্ষতিপূরণ বহির্ভূত ২২৪.০০ বর্গফুট অননুমোদিত নির্মাণ অপসারণ/নিয়মিতকরণ সাপেক্ষে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০/এ নং প্লট ও প্লটে নির্মিত ০৪(চার) তলা বাড়ীটি ডিক্লারেশন অব হেবা/দানপত্র রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

মাস্টারপ্ল্যান-৮ : গৃহকর নির্ধারণের বিষয়ে সেনা সদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ৩৩ ফেব্রুয়ারি, ২০১০ তারিখে ৩৯১৭/৮/১/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ডিওএইচএস এবং বেসামরিক এলাকার আবাসিক/বাণিজ্যিক ভবনসমূহের গৃহকর নির্ধারণ সংক্রান্ত সেনাসদর কিউএমজি শাখায় ০৬/১০/২০০৯ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে নির্ধারিত হারে গৃহকর আদায়ের বিষয়ে সরকারী অনুমোদন গ্রহণের নিমিত্তে বোর্ডসভার সিদ্ধান্তক্রমে ক্যান্টনমেন্ট বোর্ডের ২৮/১/২০১০ তারিখের ঢাক্যাবো/কর/সাধাঃ/রুল/খন্ড-২/১৭৩ নং পত্রের মাধ্যমে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অতঃপর সেনাসদর কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ৩/২/২০১০ তারিখের ৩৯১৭/৮/১/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রে “উ” অনুচ্ছেদে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়েছে :-

“গৃহকর হার পুনঃ নির্ধারণ, স্বনির্ধারণী পদ্ধতিতে গৃহকর প্রদান এবং ৩১ ডিসেম্বর এর পূর্বে গৃহকর পরিশোধে ১০% রেয়াত সুবিধা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিষয়টি ক্যান্টনমেন্ট বোর্ড সভায় উপস্থাপনের অপেক্ষায় রয়েছে। ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা বোর্ড সভায় দ্রুত অনুমোদন করতঃ এ ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে। এ বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রতিরক্ষা মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরিত পূর্বের চিঠিটি বাতিল করবে। উল্লেখ্য মন্ত্রণালয় কর্তৃক সকল ডিওএইচএস এর অনুকূলে উন্নয়ন খাতে বরাদ্দ পাওয়া গেলে গৃহকর পরিশোধ রহিত করার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বিবেচনা করা হবে।”

সিদ্ধান্ত : সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ৩ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের ৩৯১৭/৮/১/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রের নির্দেশনার আলোকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৮ জানুয়ারি, ২০১০ তারিখের ঢাক্যাবো/কর/সাধাঃ/রুল/খন্ড-২/১৭৩ নং পত্রটি বাতিল করা হলো এবং সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে ০৬/১০/২০০৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে গৃহকর নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

চলমান পাতা-৫

আলোচ্যসূচী-৯ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত হার্ডস্ট্যাণ্ডের ভিটি বাতিলকরণ প্রসংগে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত হার্ডস্ট্যাণ্ডের ১৮৭ টি ভিটি ০১/৭/২০০৯ তারিখ হতে ৩০/৬/২০১০ পর্যন্ত ০১ বছরের জন্য টোল/খাজনা আদায়ের নিমিত্তে জনাব এ কে এম মিজানুর রহমানকে ৯,৭৫,১০১/- টাকা সর্বোচ্চ দরদাতা হিসেবে ইজারা প্রদান করা হয়। উক্ত ইজারা গ্রহীতা ০২/২/২০১১ তারিখে এক আবেদনে টোল পরিশোধ না করার জন্য ২৭ টি ভিটি বাতিল করে তদহলে নতুনভাবে ২৭ জনকে ভিটি বরাদ্দ দেয়ার জন্য অত্র দপ্তরে অনুরোধ করেন। উল্লেখ্য যে, ৩৪, ৮০, ৮৩, ১১৭ ও ১২৫ নং ভিটির হকারগণ টোল ফি/খাজনা গ্রহণের জন্য ইতিমধ্যে অত্র দপ্তরে আবেদন করেছেন। প্রকাশ থাকে যে, প্রতি ভিটি (৪'x৫') হতে প্রতিদিন ২৩/- টাকা হারে টোল/খাজনা আদায় করার অনুমতি আছে।

সিদ্ধান্ত : যে সকল হকারগণ দীর্ঘ দিন যাবৎ টোল/খাজনা পরিশোধ করছেন না তাদের বরাদ্দ বাতিল করে নতুনভাবে বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে যারা হালনাগাদ টোল/খাজনা পরিশোধ করতে আগ্রহী তাদের বরাদ্দ বহাল রাখা হোক। এক্ষেত্রে যারা নিয়মিত টোল পরিশোধ করে নাই, তাদের নিকট থেকে প্রতি মাসে ১০% হারে জরিমানা আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত জামে মসজিদের দোতলায় অবস্থিত মোহাম্মদীয়া আরাবীয়া হাফিজিয়া মাদ্রাসা ও ইয়াতীমখানা পরিচালনা কমিটি গঠন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের মসজিদটি দোতলা বিশিষ্ট। মসজিদের দোতলায় মোহাম্মদীয়া আরাবীয়া হাফিজিয়া মাদ্রাসা ও ইয়াতীমখানা আছে। উক্ত মাদ্রাসা ও ইয়াতীমখানাটি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিচালিত নয় এবং এর নিয়ন্ত্রণভাও ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন নয়। উল্লেখিত মাদ্রাসা ও ইয়াতীমখানা কমিটির বিভিন্ন অনিয়ম সম্পর্কে গত ০৯/২/২০১০ তারিখে রজনীগন্ধা সুপার মার্কেটের (১) এ/৮৫ নং দোকান মালিক জনাব মোঃ মাজহারুল হক, (২) ৬৪/৯ উত্তর-পূর্ব কাফরুলের হাজী মোসলেম উদ্দিন ভূইয়া, (৩) এ/৬০ নং দোকান মালিক জনাব নূর মোহাম্মদ লিখিত অভিযোগ দাখিল করেছেন। বিস্তারিত পর্যালোচনায় সেনানিবাসের অভ্যন্তরে একটি মাদ্রাসা/ইয়াতীমখানা নিয়ন্ত্রণহীনভাবে পরিচালনার বিষয়ে অসন্তোষ প্রকাশ করা হয় এবং এটিতেই এটি ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে আনার বিষয়ে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেট মসজিদের উপর বিদ্যমান মাদ্রাসা ও ইয়াতীমখানা পরিচালনার নিয়মাবলী, আয়ের উৎস, জনবল, ছাত্র-ছাত্রীর সংখ্যা, কমিটির মেয়াদকাল, ব্যাংক স্থিতির বিস্তারিত বিবরণসহ ক্যান্টনমেন্ট বোর্ডকে কেন উক্ত প্রতিষ্ঠান পরিচালনার সংগে সংশ্লিষ্ট করা হয় নাই তার কারণ উদঘাটন করার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো :-

- | | | | |
|-----|--|----|----------|
| (১) | জনাব হেলাল উদ্দিন আহমেদ
সম্মানিত সদস্য
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | আহ্বায়ক |
| (২) | জনাব মোঃ আলম খান
নির্বাহী প্রকৌশলী
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | জনাব মোঃ মতিউর রহমান
রেভিনিউ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | জনাব মোঃ কামরুজ্জামান
ট্যাক্স কালেক্টর
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

উক্ত কমিটি বিষয়টি তদন্ত করে আগামী ১৫ মার্চ, ২০১০ তারিখের মধ্যে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার বরাবর তদন্ত প্রতিবেদন দাখিল করবেন।

চলমান পাতা-৬

সূচী-১১ : মিরপুর ডিওএইচএস এলাকায় সি,এন,জি ফিলিং ও সার্ভিস স্টেশনের জন্য জমি বরাদ্দের আবেদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকায় প্রধান সড়ক সংলগ্ন লেকের ধারে সিএনজি ফিলিং স্টেশন এর জন্য নির্ধারিত জায়গা রয়েছে। উক্ত স্থানে সি,এন,জি ফিলিং ও সার্ভিস স্টেশন স্থাপনের নিমিত্তে ৩০(ত্রিশ) বছরের জন্য জমি বরাদ্দ চেয়ে গত ১১ ফেব্রুয়ারি, ২০১০ তারিখে অনির্বাণ এন্টারপ্রাইজ এর অংশীদারগণের পক্ষে জনাব মোঃ আমিনুল হক অত্র দপ্তরে আবেদন করেছেন। বিস্তারিত পর্যালোচনায় আলোচ্য জমিটি যেহেতু 'বি' শ্রেণীভুক্ত এবং তা বরাদ্দ প্রদানের এক্টিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের, সেহেতু প্রস্তাবটি সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সংক্রান্ত : প্রস্তাবিত সিএনজি স্টেশনের জমিটি 'বি-৪' শ্রেণীভুক্ত হওয়ায় আবেদনটির ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসে প্রেরণ করা হোক।

সূচী-১২ : মহাখালী ডিওএইচএস সদর এলাকার ৪৭ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর $\frac{১}{৩}$ অংশ দানকরণ প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট সদর মহাখালী এলাকার ১০০০ বর্গগজ বিশিষ্ট ৪৭ নং প্লটটি ৩২,৫০০/- টাকা প্রিমিয়ামে মিঃ এইচ আর শরীফ, এ্যাডভোকেট-কে ১৮ ডিসেম্বর, ৯৬৯ সনে ৯৯ বছরের জন্য ইজারা প্রদান করা হয়। বিগত ১৭ জুন, ১৯৭০ সনে বাড়ী নির্মাণের জন্য অত্র দপ্তর হতে নকশা অনুমোদন করা হয় এবং তদনুযায়ী তিনি সেখানে দোতলা বাড়ী নির্মাণ করেন। পরবর্তীতে অত্র দপ্তরের ২৫ অক্টোবর, ১৯৭১ তারিখের সিবিডি/এলএ/৬/প্লট নং-৪৭/৫৪ নং পত্রে উক্ত প্লটটি মিসেস মেহেরুন নেছা এবং মাস্টার জুরাত মেহার শরীফ এর নামে নামজারী করা হয়। গত ৩১ জানুয়ারি, ২০১০ তারিখের এক আবেদনে উক্ত বাড়ীটির $\frac{১}{৩}$ অংশ মিসেস মেহেরুন নেছা তার মেয়ে এবং জুরাত মেহার শরীফ তদীয় বোন মিসেস রুবাইয়া রহমান শরীফকে দান করার অনুমতি চেয়ে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত বাড়ীর গৃহকর জুন/২০০৯ পর্যন্ত আছে। উক্ত বাড়ী হস্তান্তরের বিষয়ে গৃহকর অননুমোদিত নির্মাণ আছে কিনা তা জানা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সংক্রান্ত : বিস্তারিত আলোচনান্তে সদর মহাখালী এলাকার ৪৭ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী সম্পর্কে সরেজমিনে বিস্তারিত তথ্য সংগ্রহ পূর্বক বিষয়টি সভায় উপস্থাপন করা হোক।

সূচী-১৩ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত বি/২৯ নং দোকানের বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর ঢাকা এর ১৯ জানুয়ারি, ২০১০ তারিখের ১/আ-৫/২০০৯/ডি-৯/৩২ নং পত্র এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৫ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের ৭/এমএলএলসি/ঢাকা/১৩০-এ-৮/শা-৩/১৭৮ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত বি/২৯ নং দোকানটি ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিনের নামে স্টেশন সদর দপ্তরের গত ২৭/০৬/৮৯ তারিখে ৬১৯/৪/এ নং পত্রের মাধ্যমে সামরিক কোটায় বরাদ্দ করা হয়। অতঃপর ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন স্টেশন কমান্ডার, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসকে সম্বোধন করে ১৬/১১/৯১ ইং তারিখে জনাব সুলতান আলমের নিকট হতে নগদ ৮০,০০০.০০ টাকা গ্রহণ করে উক্ত দোকানের পজেশন হস্তান্তর/বিক্রির আবেদন করেন। পরবর্তীতে বি/২৯ নং দোকানের পজেশন মালিক হিসেবে জনাব মোঃ সুলতান আলমের নামে অত্র দপ্তরে নামজারী করার জন্য ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন গত ২৫/১১/৯১ তারিখে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস ২৫/১১/৯১ তারিখের ৬১৯/৪/এ নং পত্রে মোঃ সুলতান আলমের অনুকূলে নামজারীর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বলা হয়। ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন পুনরায় ১৩/০১/২০০৮ তারিখের আবেদনের মাধ্যমে উক্ত বি/২৯ দোকানটি মেজর মোঃ হানিফের নিকট বিক্রি করার প্রয়োজনীয় অনুমতি প্রদানের জন্য অত্র দপ্তরে আবেদন করেন। একই সাথে ১৩/০১/২০০৮ তারিখে মেজর মোঃ হানিফ উক্ত দোকানটি ক্রয় করার প্রয়োজনীয় অনুমতি প্রদানের জন্য অত্র দপ্তরে আবেদন করেন। কিন্তু নিয়ম বহির্ভূতভাবে ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন কর্তৃক জনাব সুলতান আলমের নিকট দোকানটির পজেশন বিক্রি করার পরও পুনরায় ১৩/০১/২০০৮ তারিখে মেজর মোঃ হানিফ এর নিকট বিক্রীর

চলমান পাতা-৭

প্রস্তাব করা হলে ৯/০১/২০০৪ তারিখে সংশ্লিষ্টদেরকে শুনানীর জন্য নোট উপস্থাপন করা হয় এবং ১৫/০২/২০০৪ তারিখে অত্র দপ্তরে পত্রের মাধ্যমে শুনানী দেয়ার জন্য অনুরোধ করা হয়। শুনানীর তারিখে উক্ত দোকানটি ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন কর্তৃক জনাব মোঃ সুলতান আলমের অনুকূলে গুলশান সাবরেজিস্টার অফিসের ০৪/০৫/৯১ তারিখের অপরিবর্তনীয় ব্যাপক ক্ষমতা সম্পন্ন আম-মোজার নামা দলিল দেয়া হয়েছে মর্মে জনাব মোঃ সুলতান আলম জানান এবং এর সত্যায়িত কপি অত্র দপ্তরে দাখিল করেন। এছাড়াও ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন কর্তৃক ০২/০৫/১৯৯১ তারিখের নোটারী পাবলিক আদালতে ২০ নম্বর রেজিস্ট্রীকৃত হলফনামার মাধ্যমে উক্ত দোকানটি জনাব মোঃ সুলতান আলমের অনুকূলে বিক্রী/হস্তান্তর দলিল সম্পাদন করেন এবং জনাব সুলতান আলম ১৬/০২/২০০৪ তারিখে সংশ্লিষ্ট হলফনামার সত্যায়িত কপি অত্র দপ্তরে দাখিল করেন। ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিন কর্তৃক উক্ত দোকানটি নিয়ম বহির্ভূতভাবে জনাব মোঃ সুলতান আলমের নিকট বিক্রী/হস্তান্তর করার পরও দ্বিতীয় বারের মত মেজর মোঃ হানিফের নিকট বিক্রী/হস্তান্তরের আবেদন জানালে এ বিষয়ে শুনানী গ্রহণ করে তার এহেন জালিয়াতি/প্রতারণার জন্য অত্র দপ্তরের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃবি/২৯/৪৭, তারিখঃ ১৯/০২/০৪ এর মাধ্যমে ল্যাঃ নাঃ মোঃ মকর উদ্দিনকে কারণ দর্শানো হয় এবং উক্ত পত্রের অনুলিপি স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসকে প্রদান করা হয়। রেজার্ভপত্র পর্যালোচনায় দেখা যায় জনাব সুলতান আলম এক দলিলের মাধ্যমে জনাব মোস্তাফিজুর রহমান এর নিকট উক্ত দোকানের পজেশন বিক্রয় করেন। ক্রেতা জনাব মোঃ মোস্তাফিজুর রহমান ভোগ দখলরত অবস্থায় ০৩/১২/০৬ তারিখের এক আবেদনে দোকানটি শান্তিপূর্ণ ভোগদখলে ল্যাস নায়েব মোঃ মকর উদ্দিন যাতে কোনরূপ বিঘ্ন সৃষ্টি করতে না পারে তার প্রতিকারের প্রার্থনা করেন। স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২২/১১/০৭ তারিখের ৬১৯/৪/এ/১ নং পত্রে রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানটি তালাবদ্ধ করে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে নেয়ার জন্য বলা হয়। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এর ভোগদখলরত অবস্থায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ২৭/১১/০৭ তারিখে উক্ত দোকানটি তালাবদ্ধ করে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে আনা হয়। বর্তমানে দোকানটি মালামালসহ তালাবদ্ধ অবস্থায় ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে রয়েছে। বিগত ০৩ এপ্রিল, ২০০৮ তারিখে এক আবেদনে সার্জেন্ট আর্মি নং-১৮০৪৫৪৮ (এমটি) মোঃ ওসমান সরদার (অবঃ) অত্র দপ্তরকে অবহিত করেন যে, ল্যাস নায়েব মোঃ মকর উদ্দিন গত ০৮/৬/০৫ তারিখে নগদ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা গ্রহণ করিয়া এক বিক্রয়নামা দলিলের মাধ্যমে তিনি উক্ত দোকানটি তার নিকট বিক্রয় করেন এবং দোকান ঘরটির পজেশন বুঝাইয়া দেওয়ার জন্য আবেদন করেন। উক্ত সার্জেন্ট মোঃ ওসমান সরদার (অবঃ) এর আবেদনপত্রটি সদয় পরবর্তী কার্যার্থে অত্র দপ্তরের ০৭/৪/০৮ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃবি-২৯/৩০৫ নং পত্রের মাধ্যমে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে প্রেরণ করা হয়েছে। উপরোক্ত তথ্যাদির আলোকে প্রতীয়মান হয় যে, ল্যাস নায়েব মোঃ মকর উদ্দিন সাময়িক দোস্তায় বরাদ্দকৃত দোকান প্রথম জনাব মোঃ সুলতানুল আলম এর নিকট বিক্রয় করেন। দ্বিতীয়বার একই দোকান মেজর মোঃ হানিফ এর নিকট বিক্রয়ের উদ্যোগ গ্রহণ করেন। তৃতীয়ত: তিনি উক্ত দোকানটি বিগত ০৮/৬/০৫ তারিখে সার্জেন্ট মোঃ ওসমান সরদার এর নিকট বিক্রয় করেন। তাই এ সমস্ত কার্যকলাপের প্রেক্ষিতে বিভিন্ন জটিলতা/সমস্যার উদ্ভব ঘটেছে। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে গত ২০/৪/২০০৯ তারিখের অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৪(খ) এর 'খ' সিদ্ধান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানের বরাদ্দ বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশ প্রত্যাহারের জন্য ল্যাঃ নাঃ (অবঃ) মোঃ মকর উদ্দিন ১৪/৬/২০০৯ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ৫/৮/২০০৯ ইং তারিখের ১-আ-৫/২০০৯/ডি-৯/৩০৯ নং পত্রের সাভূসে অধিদপ্তরের মাধ্যমে কতিপয় তথ্যাদি চাওয়া হলে অত্র দপ্তরের ৩/৯/২০০৯ ইং তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃবি-২৯/১/৩০ নং পত্রে চাহিত তথ্যাদি সাভূসে অধিদপ্তরে প্রেরণ করা হয়। সাভূসে অধিদপ্তর তদীয় ৩/১০/০৯ ইং তারিখের ৭/এমএলএভসি/ঢাকা/১৩০-এ-৮/শা-৩/১৭০ নং পত্রে বিষয়টি প্রতিরক্ষা মন্ত্রণালয়কে অবহিত করেন। প্রতিরক্ষা মন্ত্রণালয় ১৯/১/২০১০ ইং তারিখের ১-আ-৫/২০০৯/ডি-৯/৩২ নং পত্রে এতদ্ব্যপারে ক্যান্টনমেন্ট বোর্ডের মতামত প্রেরণ করা জন্য অনুরোধ জানান। উল্লেখ্য যে, উক্ত দোকানের ইজারা মেয়াদ ১৫/৮/২০০৯ ইং তারিখে ১০ বছর উত্তীর্ণ হয়েছে।

সিদ্ধান্ত :

বিস্তারিত পর্যালোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানের ইজারা মেয়াদ উত্তীর্ণের প্রেক্ষিতে উক্ত দোকানের বরাদ্দ বাতিল করার সিদ্ধান্ত বহাল রাখা হলো। ল্যাঃ নাঃ (অবঃ) মকর উদ্দিন কর্তৃক গৃহীত বি/২৯ নং দোকান সংক্রান্ত কার্যকলাপ প্রতিরক্ষা মন্ত্রণালয়কে অবহিত করা হোক।

চলমান পাতা-৮

সী-১৪ : গত ২৮ জানুয়ারি, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৩বিবিধ(৭) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন পয়েন্টের অব্যবহৃত/পরিত্যক্ত স্থান দোকান করার নিমিত্তে বরাদ্দ প্রদানের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই কমিটির প্রতিবেদন প্রসঙ্গে।

প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ২৮ জানুয়ারি, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-২৩ বিবিধ (৭) এর গৃহীত সিদ্ধান্তের আলোকে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস এর ০৯ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের ৬১৯/৪/এ/মার্কেট নং পত্রের মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন পয়েন্টে অব্যবহৃত/পরিত্যক্ত স্থান বরাদ্দ দেয়ার নিমিত্তে অফিসার্স পর্যদ গঠন করা হয়। কমিটি গত ১৪ ফেব্রুয়ারি, ২০১০ তারিখে রজনীগন্ধা সুপার মার্কেটের আলোচ্য স্থানসমূহ সরেজমিনে পরিদর্শন ও পর্যবেক্ষণ করেন ও দোকান বরাদ্দ বিষয়ে প্রাপ্ত আবেদন সমূহ যাচাই বাছাই করে। গঠিত পর্যদের কার্যবিবরণী :-

- সভাপতি : বিএ-৫৩৫৫ মেজর মোহাম্মদ সরিফুল ইসলাম (ইঞ্জিনিয়ার্স)
স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।
- সদস্য : ১। বিএ-৬৯৪৬ ক্যাপ্টেন এ এস এম সাদিক শাহরিয়ার (ইঞ্জিনিয়ার্স)
স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।
- সদস্য : ২। জনাব মোঃ মতিউর রহমান
রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

কমিটি কর্তৃক উদঘাটিত তথ্যাবলী :
গত ২৮/১/২০১০ তারিখে অনুষ্ঠিত ক্যান্টনমেন্ট বোর্ড সভার ২৩-বিবিধ (৭) নং আলোচ্যসূচীর গৃহীত সিদ্ধান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ২৫ টি পয়েন্টে অব্যবহৃত/পরিত্যক্ত স্থানে দোকান করার নিমিত্তে হঠিত কমিটি স্থানগুলি সরেজমিন পরিদর্শন ও পর্যবেক্ষণ করে। নথি পর্যালোচনায় দেখা যায়, রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বরাদ্দের জন্য ১২৬ টি আবেদন পাওয়া গিয়েছে। উক্ত আবেদন সমূহ কমিটি কর্তৃক যাচাই-বাছাই করা হয়েছে।

কমিটির মতামত :

দীর্ঘ দিন যাবৎ রজনীগন্ধা সুপার মার্কেটের ২৫ টি পয়েন্ট অব্যবহৃত/পরিত্যক্ত অবস্থায় খালি জায়গা পড়ে রয়েছে। ঐ সকল স্থানে অবৈধভাবে হকার বসা, ময়লা-আবর্জনা ফেলাসহ প্রসাব-পায়খানা করার ফলে পরিবেশ দূষিত হচ্ছে। অপর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড উক্ত স্থানের রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে। প্রাপ্ত আবেদন সমূহ পর্যদ কর্তৃক যাচাই-বাছাই করে ২৫ (পচিশ) জনের একটি তালিকা প্রস্তুত করা হয়েছে।

কমিটির সুপারিশ :

উদঘাটিত তথ্যাবলী ও মতামতের উপর ভিত্তি করে রজনীগন্ধা সুপার মার্কেটের ২৫ টি পয়েন্ট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সালামী গ্রহণপূর্বক ০৩ বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত ২৫ (পচিশ) জন ব্যক্তি/আবেদনকারীকে প্রচলিত নিয়মাবলী ও শর্তাবলীর আলোকে দোকান করার নিমিত্তে বরাদ্দের সুপারিশ করা হলো।

ক্র/নং	বরাদ্দ প্রাপ্তের নাম ও ঠিকানা	আবেদনের তারিখ
১।	জনাব মোঃ মুজাহারুল হক(সেলিম) ১৮৮, সাতারকুল রোড, উত্তর বাড্ডা, থানা-বাড্ডা, পোঃ- গুলশান, ঢাকা।	২১/১/২০১০
২।	জনাব আব্দুল হামিদ সিকদার ডিসিসি-৭, উত্তর ইব্রাহিম পুর, ঢাকা-১২০৬।	০৫/১/২০০৯
৩।	শাহনাজ আলম ডিসিসি-৭, উত্তর ইব্রাহিম পুর, ঢাকা-১২০৬।	০৩/১/২০০৯
৪।	সার্জেন্ট(অবঃ) মোঃ শফিকুল ইসলাম ১৯/২, মাটিকাটা, ঢাকা সেনানিবাস।	২৭/৯/২০০৯

চলমান পাতা-৯

ক্র/নং	বরাদ্দ প্রাপ্তের নাম ও ঠিকানা	আবেদনের তারিখ
৫।	মোসাঃ ফাহিমা জসিম স্বামী- মোঃ জসিম উদ্দিন(সং সংখ্যা-৯০০৭১০) চীফ পেটি অফিসার(এসটিডরিউ)	১৫/১১/২০০৯
৬।	জনাব মোঃ সাইফ জামান পিতা- মৃত মোমজেন হোসেন গ্রাম+ থানা+ উপজেলা- কাশিয়ানী, জেলা - গোপালগঞ্জ।	১৯/১/২০১০
৭।	গাজী মেসবাবউল হোসেন সাদু ১৭৩, উত্তর ইব্রাহিম পুর, কাফরুল, ঢাকা সেনানিবাস।	২৮/১২/২০০৯
৮।	বিএ-১৩৭৬ ব্রিগেঃ জেনাঃ এ এইচ এম সালাহউদ্দিন(অবঃ) প্লট নং-২৪৭, রোড নং-০৯, ডিওএইচএস মিরপুর, ঢাকা।	২৬/১/২০১০
৯।	জনাব নায়েব আলী খন্দকার বাড়ী নং- ১৫/সি, রোড নং-২, ঢাকা ক্যান্টনমেন্ট।	২৩/৪/২০০৯
১০।	সোনিয়া হোসেন পিতা -আব্দুল আলিম ডিএমসি-৯০, উত্তর কাফরুল, ঢাকা সেনানিবাস।	১৪/১/২০১০
১১।	মোসাঃ সিদ্দিকা আক্তার পিতা- হাজী জুদাতুল হক সরকার গ্রাম-নোয়াকান্দি, পোঃ-শেখেরগাঁও উপজেলা-মনোহরদী, জেলা-নরসিংদী।	২৬/৮/২০০৯
১২।	সাদী মোঃ সৈকত পিতা-মোঃ তাজুল ইসলাম, ৪৬ উত্তর কাফরুল, ঢাকা।	১২/৩/২০০৯
১৩।	মিসেস পারভীন খান পিতা-মোসলেম আলী খান (বীর মুক্তিযোদ্ধা) ডিএমসি-৯৩৪, ইব্রাহিমপুর ঈদগাঁহ রোড, থানা-কাফরুল, ঢাকা।	২১/১/২০১০
১৪।	জনাব মোঃ আনিসুর রহমান পিতা-তৈয়বুর রহমান কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস।	১২/৩/২০০৯
১৫।	জনাব মোঃ বাকী বিল্লাহ সিকদার পিতা-মৃত বদিয়াল হক সিকদার ডিএমসি-৫৯১, উত্তর কাফরুল, ঢাকা।	১৪/১/২০১০
১৬।	হনুফা রক্বানী স্বামী-মরহুম খালেক নেওয়াজ রক্বানী	০৫/১১/২০০৯
১৭।	জনাব নির্মল গোস্বামী ৮২/২/৪, উত্তর যাত্রাবাড়ী, ঢাকা।	২৮/১২/২০০৯
১৮।	মোঃ আলমগীর হোসেন পিতা- মোঃ গোলাম মোস্তফা ৫৯০ উত্তর কাফরুল, ঢাকা-১২০৬।	০১/৩/২০০৯
১৯।	মেজর (অবঃ) মোঃ নূর হোসেন পিতা-মৃত মোঃ মোফাজ্জেল হোসেন বাড়ী নং-২৪, ফ্ল্যাট নং-৪/সি, রোড নং-১০/এ, ধানমন্ডি, ঢাকা।	২০/১/২০১০
২০।	জনাব মোঃ সোহেল নন-এ্যামেচার টিম কুর্মিটোলা গলফ ক্লাব, ঢাকা সেনানিবাস।	২২/১১/২০০৯
২১।	জনাব শাহিদুল ইসলাম পিকু বাড়ী#৫১৩/৪, কাফরুল, ঢাকা।	১৮/১/২০১০
২২।	জনাব মোঃ মজিবুল ইসলাম ১১৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।	২৫/১/২০১০
২৩।	শ্রী শ্যামা প্রসাদ মজুমদার (শ্যামল) পিতা-মৃত হিমাংশ ভূষণ মজুমদার ৭০/১ আনন্দ রোড, ইব্রাহিমপুর, ঢাকা ক্যান্ট।	০৮/১০/২০০৯
২৪।	রাবিভা তাহসিন ২৩৯/৪, উত্তর কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট।	২১/১/২০১০
২৫।	মেজর শায়স্তা খান (অবঃ) পিতাঃ- আব্দুল মতিন খান ৩৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	০৫/০১/২০১০

স্মারক ৪

কর্মকর্তা পর্যদের সুপারিশ মোতাবেক রজনীগন্ধা সুপার মার্কেটের ২৫ টি পরেন্ট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সালামী গ্রহণপূর্বক ০৩ বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে উপরোক্ত ২৫ (পঁচিশ) জন ব্যক্তি/আবেদনকারীকে প্রচলিত নিয়মাবলী ও শর্তবলীর আলোকে দোকান করার নিমিত্তে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১০

নকশা নং-১৫ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনালী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী

নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তঃ-

ক্র. নং	মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
১)	বিএসএস-১৭৯৩ মেজর (অবঃ) মাইনুদ্দিন আহমেদ, আটিলারী	৬৫২	মিরপুর	সংশোধিত যৌথভাবে নির্মিত ০৬ (ছয়) তলা ভবন
	পি নং-৩৬২ ক্যাপ্টেন মোবাক্কের আলী খন্দকার, বিএন	৬৫৪	ডিওএইচএস	
২)	বিএ-১৪৯১ ব্রিগেড জেনারেল এ এম ফরিদ উদ্দিন আহমেদ, পিএসসি	২৪৩	মিরপুর	যৌথভাবে নির্মিত ০৬ (ছয়) তলা নতুন ভবন
	লেঃ কর্ণেল আবু সাফায়েত জামিল (অবঃ)	২৪১	ডিওএইচএস	
৩)	পি নং-৪৪৭ ইঃ কমান্ডার সৈয়দ বদরুদ্দোজা	৪৮৩	মিরপুর	যৌথভাবে নির্মিত ০৬ (ছয়) তলা নতুন ভবন
	বিএ-২১৮৪ লেঃ কর্ণেল মোঃ আখতার (অবঃ)	৪৮৫/এ	ডিওএইচএস	
৪)	বিএ-২০৩০ লেঃ কর্ণেল একতেন্দার আহমেদ সিদ্দিকী	৫৬১	মিরপুর	যৌথভাবে নির্মিত ০৬ (ছয়) তলা নতুন ভবন
	বিএসএস-১৮৬০ লেঃ কর্ণেল এ এস এম শমসের আলী	৫৫৯	ডিওএইচএস	
৫)	বিএ-১৮৫৩ মেজর জেনারেল আশরাফ আব্দুল্লাহ ইউসুফ, পিএসসি	৬৮৪	মিরপুর	সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন।
	বিএ-১৫৭০ মেজর জেনারেল মোঃ রফিকুল আলম, পিএসসি (অবঃ)	১১৭	মিরপুর	১২টি প্লটে যৌথভাবে ০৬ (ছয়) তলা নতুন ভবন (সংশোধিত)
	বিএ-১৫৭১ ব্রিগেড জেনারেল মোঃ হুমায়ুন কবীর	১১৮	ডিওএইচএস	
৬)	বিএ-২১০৩ ব্রিগেড জেনারেল মোঃ জাহিরুল ইসলাম, এনডিসি, পিএসসি, জি	৭৬৫	মিরপুর	০৬ (ছয়) তলা আবাসিক নতুন ভবন
	বিএ-২০৬৯ লেঃ কর্ণেল মেজবাহ উল মোকার রবীন (অবঃ)	৪৭১	মিরপুর	০৬ (ছয়) তলা আবাসিক নতুন ভবন
	বিএ-১৮৬৬ মেজর খান মোহাম্মদ সাজ্জাদ আকবর (অবঃ)	৭৬৮	মিরপুর	০৬ (ছয়) তলা আবাসিক নতুন ভবন
	পি নং- ২৬৫ কমান্ডার এম এন আবছার (এল), পিএসসি, বিএন	৭০১	মিরপুর	০৬ (ছয়) তলা আবাসিক নতুন ভবন
	বিডি-৫৩২৩ উইং কমান্ডার মোঃ শামসুল ইসলাম খান (অবঃ)	৩৭৫	বারিধারা	০৪ (চার) তলার উপরে ৫ম ও ৬ষ্ঠ তলা নির্মাণ
	পি নং-৫২ ক্যাপ্টেন মোঃ বদরুল আমিন, বিএন	৪৫৬	মহাখালী	৪র্থ তলার উপরে ৫ম ও ৬ষ্ঠ তলা নির্মাণ
	জনাব মোঃ সারোয়ার ইকবাল	সিবি-৩৫ (পিএস মাম নং-১৪৭ ও ১৪৮, মৌজা-লালাসরাই)	কচুক্ষেত পুরান বাজার	০৬ (ছয়) তলা আবাসিক নতুন ভবন
	জনাব মোঃ আনিসুর রহমান ও জনাব মোঃ মজিবুর রহমান	সিবি-২৬৪, পিএস-১৩৭ (অংশ), মৌজা-লালাসরাই	কচুক্ষেত পুরান বাজার	০৬ (ছয়) তলা আবাসিক নতুন ভবন
	জনাব জসিম উদ্দিন আহমেদ	পিএস-১০৪ (অংশ) মৌজা-লালাসরাই	কচুক্ষেত পুরান বাজার	বেসমেন্টসহ ০৬(ছয়) তলা বাণিজ্যিক ভবন

নাঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উল্লেখিত ১৫ (পনের)টি নকশা সেনানিবাস (ই মারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে। তবে ১৫ নং ক্রমিকে বর্ণিত সিবি-১০৪ (অংশ), মৌজা-লালাসরাই জমির নকশা বাণিজ্যিক ভবন নির্মাণের জন্য চাওয়া হয়েছে। উক্ত স্থানে বাণিজ্যিক ভবন নির্মাণের বিষয়ে লিখিত আপত্তি আছে। তাই সরেজমিনে পরিদর্শন করে আগামী সভায় এতদসঙ্গে একটি প্রতিবেদন উপস্থাপন করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার-কে অনুরোধ করা হয়। ক্রমিক নং- (১৩) ও (১৪) এ নকশা দুইটি সরেজমিনে যাচাই বাছাই করে রাস্তার ক্ষতিপূরণ আদায় সাপেক্ষে অনুমোদন করা যেতে পারে।

ক্রমিক নং-১ থেকে ১৪ এ উল্লেখিত মোট ১৪ (চৌদ্দ)টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং নিয়মানুযায়ী রাস্তার ক্ষতিপূরণ বাবদ অর্থ জমা করতে হবে। ১৫ নং ক্রমিকে বর্ণিত নকশার বিষয়ে সরেজমিনে তদন্ত করে বাণিজ্যিক ভবনের নকশা প্রদান করা যাবে কিনা সে বিষয়ে একটি প্রতিবেদন প্রদানের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার-কে অনুরোধ করা হয়।

সি-১৬ঃ মিরপুর ডিওএইচএস এর তৃতীয় ধাপের ১০০৮, ১০১৬ ও ১০১৯ নং প্লটে আবাসিক বাড়ী নির্মাণের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর ১০০৮, ১০১৬ ও ১০১৯ নং প্লটগুলি মিরপুর ডিওএইচএস এর তৃতীয় ধাপে অবস্থিত। উক্ত এলাকার এখনও পানি, বিদ্যুৎ, গ্যাস ও টেলিফোন লাইন স্থাপন করা হয়নি। রাস্তার কাজ এখনও শেষ হয়নি। সংশ্লিষ্ট নির্মাণাধীন রাস্তা দিয়ে বাড়ীর মালামাল বহন করা হলে রাস্তার ক্ষতি হবে।

সিদ্ধান্তঃ

মিরপুর ডিওএইচএস এর তৃতীয় ধাপের ১০০৮, ১০১৬ ও ১০১৯ নং প্লটের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে নভেম্বর, ২০১০ এর পূর্বে বাড়ীর নির্মাণ কাজ শুরু করা যাবে না।

চলমান পাতা-১১

১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গেঃ-

কাজের বিবরণ	এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ মোতাবেক মূল্যানুমান	মন্তব্য
রজনীগন্ধা সুপার মার্কেটস্থ গাড়ী পার্কিংয়ের অন্ধকারাচ্ছন্ন এলাকা আলোকিত করার জন্য জিআই পোল দ্বারা নিরাপত্তা বাতি সরবরাহ ও স্থাপন কাজ।	১,০৯,৬৭৬/- টাকা (বাজার দর)	বাজারের সংস্কার ও মেরামত খাত (ঘ-২-৩)
ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের পশ্চিম পার্শ্ব ৩৭/এ নং প্লটের পিছনে ৩য় গভীর নলকূপের পানির লেয়ার নিচে নেমে খাওয়ায় ড্র ডায়ার কলাম পাইপ সংযুক্তকরণ।	১,৩৭,২০৩/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘটনোত্তর অনুমোদন)
বৈদ্যুতিক নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বৈদ্যুতিক মালামাল ক্রয়করণ।	৯,৯৮,৮১১/- টাকা (বাজার দর)	বিদ্যুতের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঙ-২-খ)
কোরিডোর ডিওএইচএস এলাকার অন্যান্য শপিং কমপ্লেক্স হতে দক্ষিণ দিকে উল্লম্ব রোড সংযোগ পর্যন্ত প্রধান সড়ক প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ।	১৮,১০,৫৮৭/- টাকা	অনুদান/বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল
ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের মেরামত, রংকরণ এবং বাহির সাইড ওয়াদের কোটকরণ কাজ।	১,৯৪,৫০০/- টাকা	হাসপাতাল ফান্ড
শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টারের ১ম তলায় ২টি বেডরুম, ২টি বাথরুম ও ২টি বারান্দা সম্প্রসারণ (প্রস্থ এরিয়া ২ X ২৪০ = ৪৮০ বর্গফুট)।	৯,৯৫,৭০০/- টাকা	অনুদান/বোর্ড ফান্ড
শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, আদর্শ বিদ্যালয়কেতন, মানিকদী, মুসলিম মডার্ন একাডেমী ও সেনাপত্নী হাই স্কুলের জন্য ১টি করে মোট ৪টি শহীদ মিনার নির্মাণ।	১৫,৫০,০০০/- টাকা	অনুদান
ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের দোতলা আংশিক বারান্দায় থাই এ্যান্টিমিনিয়ামের জানালার, নেট পাল্লা লাগানো এবং দরজা/জানালায় পর্দা লাগানো।	১,৩৯,১৫৫/- টাকা	হাসপাতাল ফান্ড
ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/ডি-৩ এর পার্শ্ব ড্রেন মেরামত।	১৪,৯৫১/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।
রজনীগন্ধা সুপার মার্কেটে জনতা ব্যাংকের ভিতর একটি আভ্যারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার নির্মাণ, পানির শহীদ স্থাপন এবং পাম্প ও ইলেক্ট্রিক কাজকরণ।	২,৩৭,০৭৪/- টাকা	বাজারের মেরামত ও সংস্কার খাত (ঘ-২-৩)
ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ওয়ার্ড, কেবিন, পোষ্ট অপারেটিভ ও অন্যান্য রুমে অটোবিথ হাসপাতাল বেড, বেড সাইড ক্যাবিনেট ও ফিল্ড ডিজিটরস চেয়ার ক্রয়।	১,৯৮,৮৪০/- টাকা	হাসপাতাল ফান্ড
ক্যান্টনমেন্ট ফবরস্থানের আংশিক মেরামত, রংকরণ, ফুলের হুদ রাখার বস্তু নির্মাণ কাজ (বিভিআর ঘটনায় মৃত্যুবরণকারী অফিসারদের ১ম মৃত্যু বার্ষিকী উপলক্ষে)।	৫৮,০০২/- টাকা	কল্লারভেদী শাখার সংশ্লিষ্ট খাত হতে
ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং- ৯৭/এ (৩য় তলার উত্তর পার্শ্ব) এর মেরামত ও রংকরণ কাজ।	১৪,৩২৪/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
হাথালী ডিওএইচএস এলাকার ৮ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	১,৫২,৭৮৯/- টাকা	সিডিউল এলাকার অনুমোদিত নির্মাণের জন্য জমা কৃত কতিপয় দ্বারা
হাথালী ডিওএইচএস এর ১১ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	১,৫৬,২০৮/- টাকা	-ঐ-
হাথালী ডিওএইচএস এলাকার ১৭ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	১,০৭,৯২২/- টাকা	-ঐ-
হাথালী ডিওএইচএস এলাকার বাড়ী নং-২৪৩/এ এর উত্তর পশ্চিম ও দক্ষিণ দিকে ড্রেন নির্মাণ।	৩,৮৩,৯৯৭/- টাকা	-ঐ-
হাথালী ডিওএইচএস এলাকার রাওয়া ক্লাব গেইট হতে মসজিদ পর্যন্ত সড়কের দুই পার্শ্ব সম্প্রসারণের মাঝে বস্ত্র ও সলিং কাজকরণ।	৬,০৪,০৮৩/- টাকা	-ঐ-
হাথালী ডিওএইচএস এলাকার বি/১৮৫ নং প্লট হতে বিআইএস স্কুল গেইট পর্যন্ত সেউজ রোড মেরামত কার্পেটিং কাজ।	৩,৪৮,১৪৩/- টাকা	-ঐ-
হাথালী ডিওএইচএস এর লেকের দক্ষিণ পার্শ্ব ও পশ্চিম পার্শ্ব প্যালাসাইডিং কাজকরণ।	১৬,৭০,৫৮৭/- টাকা	-ঐ-
হাথালী ডিওএইচএস এলাকার ৭ নং রোড উচ্চকরণসহ কার্পেটিং কাজ।	১১,১৯,৩১৯/- টাকা	-ঐ-
ক্ষত পুরান বাজার এলাকায় লালাসরাই স্কুল রোডের পার্শ্ব সিবি-২৫৮ হতে মেইন রোড সংলগ্ন সিবি-৩/৬ এবং সিবি-২৪৮/১ হতে সিবি-১৯৯/১ (মিলি সুপার মার্কেট) পর্যন্ত বিদ্যমান ড্রেনের গভীরতা ও হ্রতা বৃদ্ধিকরণ কাজ।	৩৯,৩৮,৪০০/- টাকা	অনুদান
ক্ষত পুরান বাজার এলাকায় সিবি-২৫৮ হতে সিবি-১৯৯/১ (লালাসরাই স্কুল রোড) রাস্তা উচ্চ করার পিসিসি ঢালাইকরণ কাজ।	১১,৯৯,২৩১/- টাকা	অনুদান
ক্ষত পুরান বাজার এলাকার লালাসরাই স্কুল রোড সংলগ্ন সিবি-১৮১ হতে সিবি-২১০ এর সম্মুখস্থ ১ ড্রেন পর্যন্ত ৯০০ এম এম বোর আরসিসি আভ্যারগ্রাউন্ড পাইপ ড্রেন নির্মাণ কাজ।	১৫,১০,৪৮২/- টাকা	অনুদান
ক্ষত পুরান বাজার এলাকার লালাসরাই স্কুল রোড সংলগ্ন সিবি-১৮১ হতে সিবি-২১০ পর্যন্ত রাস্তা করণ কাজ।	১১,৩৫,০২৯/- টাকা	অনুদান
ক্ষত পুরান বাজার এলাকায় মেঘার বাড়ী রোড সংলগ্ন সিবি-১৭৮ হতে সিবি-১৭০/১ পর্যন্ত ড্রেনসহ পাকাকরণ কাজ।	৩,২৩,৩০৯/- টাকা	অনুদান
ডিওএইচএস এলাকার মাঠের পশ্চিম পার্শ্বের প্রাথমিক বিদ্যালয়ের জন্য ১টি ওয়াটার রিজার্ভার।	৮৯,৬৫৯/- টাকা	অনুদান
ক্ষা সুপার মার্কেটের ড্রেন মেরামতসহ অন্যান্য আনুষঙ্গিক মেরামত কাজ।	১,৯৯,০০০/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
শ্রী ক্যান্টনমেন্ট কলেজের পিছনে শহীদ সরণি ও স্বাধীনতা সরণির সংযোগ রাস্তার গর্ত মেরামতসহ ১স সীলস্কেটকরণ।	১,৪৬,৯৯০/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত

প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস এবং ডিওএইচএস এর উপরোল্লিখিত ২৯ (উনত্রিশ) টি কাজের মূল্যানুমান যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

উপরোল্লিখিত ২৯ (উনত্রিশ) টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং- ২ ঘটনোত্তর অনুমোদিত, এবং ক্রমিক নং- ১, ২, ৩, ৯, ১০, ১২, ১৩, ২৮ ও ২৯ এ বর্ণিত ০৯ টি কাজের জন্য দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট কাজগুলোর মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

চলমান পাতা-১২

সচিবসূচী-১৮ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের স্টোরে রক্ষিত অকেজো মালামাল নিলামের সর্বোচ্চ দর ১,৬১,৭০০/- টাকা অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের স্টোরে রক্ষিত অকেজো/পুরাতন মালামাল বিক্রির জন্য দরপত্র আহ্বান করা হলে গত ১০ ফেব্রুয়ারি, ২০১০ তারিখে মোট ০৮(আট) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স শামীমা এন্টারপ্রাইজ, ৬২০ গাওয়াইর, উত্তরা, ঢাকা-১২৩০ কর্তৃক প্রদত্ত ১,৬১,৭০০/- (এক লক্ষ একষট্টি হাজার সাতশত) টাকার দরটি সর্বোচ্চ হয়। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, উক্ত মালামালের এমআরপি নির্ধারণ করা হয়েছিল ১,৩১,৬৯৭/- (এক লক্ষ একত্রিশ হাজার ছয়শত সাতানব্বই) টাকা। বিস্তারিত পর্যালোচনায় প্রাপ্ত সর্বোচ্চ দর এমআরপি'র চেয়ে বেশী বিধায় উক্ত দরটি অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সংক্ষেপ : মেসার্স শামীমা এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ১,৬১,৭০০/- (এক লক্ষ একষট্টি হাজার সাতশত) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

সচিবসূচী-১৯ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং রোডের ৬/এ নং প্লটে প্রতি তলায় ৩টি ফ্ল্যাট বিধি ০৬(ছয়) তলা স্টাফ কোয়ার্টার নির্মাণ প্রসঙ্গে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩নং রোডের ৬/এ নং প্লটটি ৭.৫ কাঠা বিশিষ্ট। উক্ত প্লটে স্বাধীনতা পূর্ব সময়ের এক তলা একটি পুরাতন বিল্ডিং বিদ্যমান রয়েছে। তা মেরামত ও সংস্কার করতে প্রতি বছর অনেক টাকার প্রয়োজন হয়। উক্ত প্লটের বিদ্যমান পুরাতন ভবনটি ভেঙ্গে নতুন করে প্রতি তলায় ৩ ফ্ল্যাট বিশিষ্ট ৬তলার বিল্ডিং নির্মাণ করা হলে ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সমস্যার কিছুটা সমাধান করা সম্ভব হবে। সার্বিক বিবেচনায় আলোচ্য স্থানে ০৩(তিন) ইউনিট বিশিষ্ট একটি ০৬(ছয়) তলা ভবন নির্মাণ করা সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সংক্ষেপ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং রোডে ৬/এ নং প্লটে বিদ্যমান পুরাতন ০১(এক) তলা ভবনটি ভেঙ্গে ০৩(তিন) ইউনিট বিশিষ্ট ০৬(ছয়) তলা ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

সচিবসূচী-২০ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট নং-১/এ এর পশ্চিম পার্শ্বে খালি জায়গায় জিমনেসিয়াম ও লাইব্রেরীর জন্য বিল্ডিং নির্মাণ প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস এলাকায় প্রায় দুই লক্ষাধিক লোক বসবাস করলেও সাধারণ জনগণের জন্য কোন পাঠাগার/ব্যায়ামাগার নাই। শারীরিক ও মনসিকভাবে একটি সুষ্ঠু জাতি গঠনে পাঠাগার এবং ব্যায়ামাগারের গুরুত্ব অপরিসীম। আলোচনাক্রমে আরো জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/এ নং প্লটের পশ্চিম পার্শ্বে ত্রিকোনাকৃতির ৬ কাঠা জমি খালি অবস্থায় আছে। উক্ত জায়গাটি যাতে অবৈধ দখলে চলে না যায় সেজন্য দখল রাখার নিমিত্ত এংটি জিমনেসিয়াম এবং লাইব্রেরী নির্মাণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সংক্ষেপ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/এ নং প্লটের পশ্চিম পার্শ্বে খালি জমিতে জিমনেসিয়াম ও লাইব্রেরী নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে বিস্তারিত মূল্যানুমান ও নকশা প্রেরণ করা হোক।

চলমান পাতা-১৩

১১-২১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসঙ্গে ঃ-

কাজের বিবরণ	অনুমোদিত মূল্য/মুদ্রা এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	Responsive Tenderer	উদ্ধৃত দর	মন্তব্য
ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জরাজীর্ণ পানির লাইন পরিবর্তন করে জিআই পাইপ দ্বারা নতুন করে পানির লাইন স্থাপন কাজ।	১,৬০,৪১৮/- টাকা	মেসার্স সিফাত এন্টারপ্রাইজ	১,৬৭,৬৩৫/৭১ টাকা	হাসপাতাল ফাণ্ড
রজনীগন্ধা সুপার মার্কেটের রিক্সা স্ট্যান্ড হতে মসজিদ রোড পর্যন্ত সংযোগ রাস্তা উন্নয়ন ও অন্যান্য কাজ।	১,২৬,৭৩৮/- টাকা	মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ	১,২৬,৭৩৮/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/ডি-১ নং স্টাফ কোয়ার্টার মেরামত ও রংকরণ কাজ।	৩৯,৭৪২/- টাকা	মেসার্স জুই এন্টারপ্রাইজ	৪১,৫২১/০৭ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং- ৪৮/এ (২ নং বিল্ডিং), ৬৪/ডি (২য় তলার পূর্ব পার্শ্ব) এবং ৬৪/ডি-১৩ এর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	৪১,৬৪৮/- টাকা	মেসার্স হাবিব এন্ড সপ কোং	৪৩,৩১৩/৭০ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-১০১ (৩য় তলা উত্তর পার্শ্ব) মেরামতকরণ।	৪২,৯৩৮/- টাকা	মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ	৪৪,৮৭০/১৫ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৫/ডি-৫, ৬৫/ডি-১৪ এবং ৯৭ (টিনশেড) মেরামত ও রংকরণ।	৪১,৬৫১/- টাকা	মেসার্স নয়ন এন্টারপ্রাইজ	৪৩,৩১৭/৮০ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৬৫/এ (নিচতলা) মেরামত ও রংকরণ কাজ।	৯৯,৮৭৫/- টাকা	মেসার্স জুই এন্টারপ্রাইজ	১,০৪,১২১/০৬ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/এ (২য় তলা) নং বাসার মেরামত ও রংকরণ কাজ।	৮০,১০০/- টাকা	মেসার্স জি এম ট্রেডার্স	৮১,০১৪/৭০ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
সেনাপত্নী হাই স্কুলের বাৎসরিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	১,৪১,০৬৯/- টাকা	মেসার্স প্রমোসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং	১,৪১,০৭২/০১ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
বনানী ডিওএইচএস এর ২ নং গেইটের দক্ষিণ পার্শ্ব পাকা ডাস্ট বিন নির্মাণ।	৮০,৩৮৩/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	৮৩,৫৬১/৪৮	অনুমোদন
মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডে ৪০টি স্পীড ব্রেকার রংকরণ।	৫৯,০৫৪/- টাকা	মেসার্স শিকদার এন্টারপ্রাইজ	৫৯,০৫৪/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
ঢাকা সেনানিবাসস্থ ০৩টি শিশু পার্ক মেরামত ও রংকরণ।	১,২১,৬৬৫/- টাকা	মেসার্স মনির এন্ড কোং	১,২১,৬২১/২৭ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
মহাখালী ডিওএইচএস এলাকার ৩৩ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	১,২৪,৭৭৮/- টাকা	মেসার্স এম আর আমিন ট্রেডার্স	১,২৪,৭৭৮/৮৪ টাকা	সর্বোচ্চ ডিওএইচএস এর অনুমোদিত নির্মাণের জন্য স্থাপিত ক্ষতিপূরণ দাগ।
শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বাৎসরিক মেরামত ও রংকরণ কাজ।	১,৮১,০০০/- টাকা	মেসার্স গাজী এন্ড ব্রাদার্স	১,৮০,৯৮৯/১১ টাকা	স্কুলের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের বাৎসরিক মেরামত ও রংকরণ কাজ।	১,৮১,৫০০/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	১,৮১,৪৯০/০৯ টাকা	কলেজের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
আদর্শ বিদ্যালয়কেন্দ্র, মানিকদীর বাৎসরিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	১,৮২,০০০/- টাকা	মেসার্স প্রমোসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং	১,৮১,৯৯৫/৭৫ টাকা	স্কুলের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের পশ্চিম পার্শ্ব ৩৭/এ নং প্রটের পিছনে তৃতীয় গভীর নলকূপের পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় ৬ ডায়া কলাম পাইপ সংযুক্তকরণ।	১,৩৭,২০৩/- টাকা	মেসার্স গাজী এন্ড ব্রাদার্স	১,৪২,৬৮৫/৪৪ টাকা	পানি/বিদ্যুতের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।

১৪ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলো সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাস্তব খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluaiton Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনা করা হলো।

বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো ঃ-

ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য	ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য
১	১,৬৭,৬৩৫/৭১ টাকা		৯	১,৪১,০৭২/০১ টাকা	
২	১,২৬,৭৩৮/- টাকা		১০	৮৩,৫৬১/৪৮	
৩	৪১,৫২১/০৭ টাকা		১১	৫৯,০৫৪/- টাকা	
৪	৪৩,৩১৩/৭০ টাকা		১২	১,২১,৬২১/২৭ টাকা	
৫	৪৪,৮৭০/১৫ টাকা		১৩	১,২৪,৭৭৮/৮৪ টাকা	
৬	৪৩,৩১৭/৮০ টাকা		১৪	১,৮০,৯৮৯/১১ টাকা	
৭	১,০৪,১২১/০৬ টাকা		১৫	১,৮১,৪৯০/০৯ টাকা	
৮	৮১,০১৪/৭০ টাকা		১৬	১,৮১,৯৯৫/৭৫ টাকা	
			১৭	১,৪২,৬৮৫/৪৪ টাকা	

চলমান পাতা-১৪

আলোচ্যসূচী-২২ ৪ পিপিআর সংশোধিত নীতিমালার আলোকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্প/কাজ সম্পাদনের জন্য

ঠিকাদার নিয়োগের নিমিত্তে দরপত্র আহ্বানের প্রেক্ষিতে Responsive Tender অনুমোদন প্রসঙ্গে ৪-

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুশোধিত মূল্যাদুমান এমইএস সিডিটির অব রেইটস ২০০৭ নোভেম্বরে	৫% নিম্নে/সর্বনিম্ন দর প্রদানকারী কার্যের নাম (Responsive Tenderer)	৫% নিম্নে/ সর্বনিম্ন উদ্ধৃত দর	লটারীতে বিজয়ী কার্যের নাম	মন্তব্য
১।	বারিধারা ডিওএইচএস এলাকার ৩নং (পশ্চিম) রোড এর উচ্চতা বৃদ্ধিসহ কাপেটিং কাজ।	১১,৪৯,৮১২/-টাকা	১। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল। ২। মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন ৩। মেসার্স খোরশেদ আলম এন্টারপ্রাইজ ৪। মেসার্স জি এম ট্রেডার্স ৫। মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন ৬। মেসার্স জুই এন্টারপ্রাইজ ৭। মেসার্স আসফিন এন্টারপ্রাইজ ৮। মেসার্স এ কে কনস্ট্রাকশনটেক, ঢাকা ক্যান্ট। ৯। দি মুন এন্টারপ্রাইজ ১০। মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন ১১। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ১২। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ১৩। মেসার্স কে টি এস ট্রেডিং কর্পোরেশন ১৪। মেসার্স রত্ন এন্ড ব্রাদার্স ১৫। মেসার্স হাবিব এন্ড সল কোং ১৬। মেসার্স সেভেন স্টার ইলেক্ট্রিক্স ১৭। মেসার্স আর এস এন্টারপ্রাইজ ১৮। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ১৯। মেসার্স ইমেল এন্টারপ্রাইজ ২০। মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ ২১। মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ২২। মেসার্স দি আজাদ কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স	১০,৯২,৩২১.৪০ টাকা	মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল
২।	বারিধারা ডিওএইচএস এলাকার ৩নং (পূর্ব) রোড এর উচ্চতা বৃদ্ধিসহ কাপেটিং কাজ।	১৫,৬০,২১০/-টাকা	১। মেসার্স সন্ধানী বিজ্ঞান ২। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ৩। মেসার্স রত্ন এন্ড ব্রাদার্স ৪। মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন ৫। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ৬। মেসার্স এ কে কনস্ট্রাকশন ৭। মেসার্স সেভেন স্টার ইলেক্ট্রিক্স ৮। মেসার্স খোরশেদ আলম এন্টারপ্রাইজ ৯। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল। ১০। মেসার্স কে টি এস ট্রেডিং কর্পোরেশন ১১। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ১২। মেসার্স এম আর এন্টারপ্রাইজ ১৩। মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ ১৪। মেসার্স জুই এন্টারপ্রাইজ ১৫। মেসার্স জি এম ট্রেডার্স ১৬। মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ১৭। মেসার্স আর এস এন্টারপ্রাইজ ১৮। মেসার্স সরদার ট্রেডার্স ১৯। দি মুন এন্টারপ্রাইজ ২০। মেসার্স লাকী ট্রেডার্স ২১। মেসার্স ইমেল এন্টারপ্রাইজ ২২। মেসার্স হাবিব এন্ড সল কোং	১৪,৮২,১৯৯.৫০ টাকা	মেসার্স কে টি এস ট্রেডিং কর্পোরেশন	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল
	বারিধারা ডিওএইচএস এলাকার ৪নং (পূর্ব) রোড এর উচ্চতা বৃদ্ধিসহ কাপেটিং কাজ।	১৫,৬০,২১০/-টাকা	১। মেসার্স এম আর এন্টারপ্রাইজ ২। মেসার্স সন্ধানী বিজ্ঞান ৩। মেসার্স রত্ন এন্ড ব্রাদার্স ৪। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ৫। মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন ৬। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ৭। মেসার্স মনির এন্ড কোং ৮। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল। ৯। মেসার্স জি এম ট্রেডার্স ১০। মেসার্স ইমেল এন্টারপ্রাইজ ১১। দি মুন এন্টারপ্রাইজ ১২। মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন ১৩। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ১৪। মেসার্স খোরশেদ আলম এন্টারপ্রাইজ ১৫। মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ১৬। মেসার্স আর এস এন্টারপ্রাইজ ১৭। মেসার্স চাফী কনস্ট্রাকশন ১৮। মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন ১৯। মেসার্স আজিজ কর্পোরেশন ২০। মেসার্স কে টি এস ট্রেডিং কর্পোরেশন ২১। মেসার্স সেভেন স্টার ইলেক্ট্রিক্স ২২। মেসার্স সরদার ট্রেডার্স ২৩। মেসার্স এস আলম এন্টারপ্রাইজ ২৪। মেসার্স এ কে কনস্ট্রাকশন	১৪,৮২,১৯৯.৫০ টাকা	মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল

চলমান পাতা-১৫

কাজের বিবরণ	অনুমোদিত মূল্যমান এমইএস সিডিউর অব রেইটস ২০০৭ নোভেম্বরে	৫% নিম্নে/সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম (Responsive Tenderer)	৫% নিম্নে/ সর্বনিম্ন উদ্ধৃত দর	লটারীতে বিজয়ী ফার্মের নাম	মন্তব্য
বারিধারা ডিওএইচএস এলাকার ৪নং (পশ্চিম) রোড এর উচ্চতা বৃদ্ধিসহ কাপেটিং কাজ।	৯,৫৮,৩৮০/টাকা	১। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ২। মেসার্স জি এম ট্রেডার্স ৩। মেসার্স রুদ্র এন্ড ব্রাদার্স ৪। মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ ৫। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ৬। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ৭। মেসার্স লাকী ট্রেডার্স ৮। মেসার্স আমিন ব্রাদার্স ৯। এস এস ট্রেড এন্টারপ্রাইজ ১০। মেসার্স এ কে কনস্ট্রাকশন ১১। মেসার্স সিকদার এন্টারপ্রাইজ ১২। মেসার্স সেভেন স্টার ইন্সট্রুমেন্টস ১৩। মেসার্স কে টি এস ট্রেডিং কর্পোরেশন ১৪। মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন ১৫। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল। ১৬। মেসার্স শাহীন এন্টারপ্রাইজ ১৭। মেসার্স সিফাত এন্টারপ্রাইজ ১৮। মেসার্স ইউনিক ইঞ্জিনিয়ার্স ১৯। মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ২০। মেসার্স আর এস এন্টারপ্রাইজ ২১। দি মুন এন্টারপ্রাইজ ২২। মেসার্স সন্ধানী বিল্ডার্স ২৩। মেসার্স এস আলম এন্টারপ্রাইজ	৯,১০,৪৬১/- টাকা	মেসার্স লাকী ট্রেডার্স	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল
বারিধারা ডিওএইচএস এলাকার ৫নং (পূর্ব) রোড এর উচ্চতা বৃদ্ধিসহ কাপেটিং কাজ।	১৫,৬০,২১০/-টাকা	১। মেসার্স সিফাত এন্টারপ্রাইজ ২। মেসার্স এ কে কনস্ট্রাকশন ৩। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ৪। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ৫। মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন ৬। মেসার্স রুদ্র এন্ড ব্রাদার্স ৭। দি এসোসিয়েটস ৮। মেসার্স জি এম ট্রেডার্স ৯। মেসার্স মনির এন্ড কোং ১০। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল। ১১। মেসার্স এম আর ট্রেড ইন্টারন্যাশনাল ১২। দি মুন এন্টারপ্রাইজ ১৩। মেসার্স লাকী ট্রেডার্স ১৪। মেসার্স সেভেন স্টার ইন্সট্রুমেন্টস ১৫। মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ ১৬। মেসার্স আজিজ কর্পোরেশন ১৭। মেসার্স কে টি এস ট্রেডিং কর্পোরেশন ১৮। মেসার্স ইমেল এন্টারপ্রাইজ ১৯। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ২০। মেসার্স সরদার ট্রেডার্স ২১। মেসার্স ইউনিক ইঞ্জিনিয়ার্স ২২। মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ২৩। মেসার্স আর এস এন্টারপ্রাইজ ২৪। মেসার্স হাবিব এন্ড সন্স কোং ২৫। মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন	১৪,৮২,১৯৯.৫০ টাকা	মেসার্স আর এস এন্টারপ্রাইজ	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল
বারিধারা ডিওএইচএস এলাকার ৮/এ, ৮/বি ও ৮/সি নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কাপেটিং কাজ।	১৮,১৬,০৯৮/-টাকা	১। মেসার্স সন্ধানী বিল্ডার্স ২। মেসার্স রনি এন্টারপ্রাইজ ৩। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ৪। মেসার্স রুদ্র এন্ড ব্রাদার্স ৫। মেসার্স এ কে কনস্ট্রাকশন, ১৯৮ ভাষানটেক, ঢাকা ক্যান্ট। ৬। মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন ৭। মেসার্স এ কে কনস্ট্রাকশন, ১৫৬/৬ মাটিকাটা, ঢাকা ক্যান্ট। ৮। মেসার্স আর এস এন্টারপ্রাইজ ৯। মেসার্স সেভেন স্টার ইন্সট্রুমেন্টস ১০। দি মুন এন্টারপ্রাইজ ১১। মেসার্স জিম এন্টারপ্রাইজ ১২। মেসার্স জি এম ট্রেডার্স ১৩। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ১৪। মেসার্স হাবিব এন্ড সন্স ১৫। মেসার্স সিকদার এন্টারপ্রাইজ ১৬। মেসার্স মনির এন্ড কোং ১৭। মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন ১৮। মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ১৯। মেসার্স আমিন ব্রাদার্স ২০। মেসার্স সরদার ট্রেডার্স ২১। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল। ২২। মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ ২৩। দি কারিগর ২৪। মেসার্স আজিজ কর্পোরেশন ২৫। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ২৬। মেসার্স কে টি এস ট্রেডিং কর্পোরেশন ২৭। মেসার্স এম আর ট্রেড ইন্টারন্যাশনাল	১৭,২৫,২৯৩.১০ টাকা	মেসার্স রনি এন্টারপ্রাইজ	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মুদ্যাদাম এমইএস সিডিটির অব রেইটস ২০০৭ মোতাবেক	৫% নিম্নে/সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম (Responsive Tenderer)	৫% নিম্নে/ সর্বনিম্ন উদ্ধৃত দর	সটারী তে বিজয়ী ফার্মের নাম	
৭।	বারিধারা ডিওএইচএস এসকার ৮ নং (পূর্ব) রোডের উচ্চতা মুছিসহ কার্পেটিং কাজ।	১৮,৪৮,১১৮/-টাকা	১। মেসার্স রনি এন্টারপ্রাইজ ২। মেসার্স কে টি এস ট্রেডিং কর্পোরেশন ৩। মেসার্স এম আর ট্রেড ইন্টারন্যাশনাল ৪। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল ৫। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ৬। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ৭। মেসার্স নির্মাণ কন্সট্রাকশন ৮। মেসার্স জুইয়া কন্সট্রাকশন ৯। পি মুন এন্টারপ্রাইজ ১০। মেসার্স এ কে কন্সট্রাকশন, ১৯৮ ডাখলাটেক, ঢাকা ক্যান্ট। ১১। মেসার্স আর এস এন্টারপ্রাইজ ১২। মেসার্স আমিন ব্রাদার্স ১৩। মেসার্স এ কে কন্সট্রাকশন, ১৫৬/৬ মতিকাটা, ঢাকা ক্যান্ট। ১৪। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ১৫। মেসার্স গাজী এন্ড ব্রাদার্স ১৬। মেসার্স জি এম ট্রেডার্স ১৭। মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ ১৮। মেসার্স নিকলার এন্টারপ্রাইজ ১৯। মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ ২০। মেসার্স আলী কন্সট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ২১। মেসার্স সেভেন স্টার ইন্সট্রুমেন্ট ২২। মেসার্স বশার বিজার্স ২৩। মেসার্স মনির এন্ড কোং ২৪। মেসার্স ইমেল এন্টারপ্রাইজ ২৫। মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন ২৬। মেসার্স সরদার ট্রেডার্স ২৭। মেসার্স সম্বাদী বিজার্স	১৭,৫৫,৭১২/১০ টাকা	মেসার্স সরদার ট্রেডার্স	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল
৮।	বারিধারা ডিওএইচএস এসকার ৮ নং (পশ্চিম) রোডের উচ্চতা মুছিসহ কার্পেটিং কাজ।	১৪,২৮,১৩২/-টাকা	১। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ২। পি মুন এন্টারপ্রাইজ ৩। মেসার্স আলী কন্সট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ৪। মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ ৫। মেসার্স জি এম ট্রেডার্স ৬। মেসার্স রক্ত এন্ড ব্রাদার্স ৭। মেসার্স আর এস এন্টারপ্রাইজ ৮। মেসার্স সেভেন স্টার ইন্সট্রুমেন্ট ৯। মেসার্স হাবিব ট্রেডিং ১০। মেসার্স মনির এন্ড কোং ১১। মেসার্স সরদার ট্রেডার্স ১২। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ১৩। মেসার্স রিয়া এন্টারপ্রাইজ ১৪। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ১৫। পি করিগর ১৬। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল ১৭। মেসার্স তাহের এন্টারপ্রাইজ ১৮। মেসার্স নির্মাণ কন্সট্রাকশন ১৯। মেসার্স এম আর ট্রেড ইন্টারন্যাশনাল ২০। মেসার্স এম আর এন্টারপ্রাইজ ২১। মেসার্স এ কে কন্সট্রাকশন, ১৫৬/২ মতিকাটা, ঢাকা ক্যান্ট। ২২। মেসার্স ইমেল এন্টারপ্রাইজ ২৩। মেসার্স এ কে কন্সট্রাকশন, ১৯৮ ডাখলাটেক, ঢাকা ক্যান্ট। ২৪। মেসার্স কে টি এস ট্রেডিং কর্পোরেশন ২৫। মেসার্স গাজী এন্ড ব্রাদার্স ২৬। মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন	১৩,৫৬,৭২৫.৪০ টাকা	মেসার্স আর এস এন্ট প্রাইজ	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল
	বারিধারা ডিওএইচএস এসকার ইষ্টার রোড মেরামত ও কার্পেটিং কাজ।	১৫,২৯,৬৯৩/-টাকা	১। মেসার্স রক্ত এন্ড ব্রাদার্স ২। মেসার্স এ কে কন্সট্রাকশন, ১৯৮ ডাখলাটেক, ঢাকা ক্যান্ট। ৩। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ৪। মেসার্স নির্মাণ কন্সট্রাকশন ৫। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ৬। মেসার্স এ কে কন্সট্রাকশন, ১৫৬/৬ মতিকাটা, ঢাকা ক্যান্ট। ৭। পি করিগর ৮। মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ ৯। মেসার্স ইমেল এন্টারপ্রাইজ ১০। মেসার্স সরদার ট্রেডার্স ১১। মেসার্স ময়নামতি ট্রেড ইন্টারন্যাশনাল ১২। মেসার্স জি এম ট্রেডার্স ১৩। মেসার্স মনির এন্ড কোং ১৪। মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন ১৫। মেসার্স আমিন ব্রাদার্স ১৬। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল ১৭। মেসার্স কে টি এস ট্রেডিং কর্পোরেশন ১৮। মেসার্স আর এস এন্টারপ্রাইজ ১৯। মেসার্স একটিভ এন্টারপ্রাইজ ২০। মেসার্স আলী কন্সট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ২১। মেসার্স রিয়া এন্টারপ্রাইজ ২২। মেসার্স এস আর এন্টারপ্রাইজ ২৩। মেসার্স ইয়া এন্টারপ্রাইজ ২৪। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ২৫। পি মুন এন্টারপ্রাইজ ২৬। মেসার্স সেভেন স্টার ইন্সট্রুমেন্ট	১৪,৫৩,২০৮.৩৫ টাকা	মেসার্স রিত এন্টারপ্রাইজ	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল

কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউর অব রেইটস ২০০৭ মোতাবেক	৫% নিম্নে/সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম (Responsive Tenderer)	৫% নিম্নে/ সর্বনিম্ন উদ্ধৃত দর	লটারীতে বিজয়ী ফার্মের নাম	মন্তব্য
মিরপুর ডিওএইচএস এলাকার ২য় ধাপের পাইপ লেইন (প্রট নং- ১১৮ হতে ১১৬ পর্যন্ত পশ্চিম পার্শ্ব) নির্মাণ কাজ।	২৯,৫০,৮৪৩/-টাকা	১। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ২। মেসার্স জি এম ট্রেডার্স ৩। মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ৪। দি মুন এন্টারপ্রাইজ ৫। মেসার্স শরীফ এন্ড সপ ৬। মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ ৭। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ৮। মেসার্স এ কে কনস্ট্রাকশন, ১৫৬/৬ মাটিকটা, ঢাকা ক্যান্ট। ৯। দি কারিগর ১০। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল ১১। মেসার্স মনির এন্ড কোং ১২। মেসার্স ইমেল এন্টারপ্রাইজ ১৩। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ১৪। মেসার্স সরদার ট্রেডার্স ১৫। মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন ১৬। মেসার্স ময়নামতি ট্রেড ইন্টারন্যাশনাল ১৭। মেসার্স এ কে কনস্ট্রাকশন, ১৯৮ ভাষানটেক, ঢাকা ক্যান্ট। ১৮। মেসার্স রুদ্র এন্ড ব্রাদার্স ১৯। মেসার্স গাজী এন্ড ব্রাদার্স ২০। মেসার্স জুইয়া কনস্ট্রাকশন ২১। মেসার্স ইরা এন্টারপ্রাইজ ২২। মেসার্স একটিভ এন্টারপ্রাইজ ২৩। মেসার্স বলাকা বিল্ডার্স	২৮,০০,৩০০.৮৫ টাকা	মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
মিরপুর ডিওএইচএস এলাকার পশ্চিম পার্শ্ব ১৩নং রোড (৫৫৫ নং প্রট সংলগ্ন) নির্মাণ কাজ।	১৭,৪৪,০৬৩/-টাকা	১। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ২। মেসার্স রুদ্র এন্ড ব্রাদার্স ৩। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ৪। মেসার্স এ কে কনস্ট্রাকশন, ১৫৬/৬ মাটিকটা, ঢাকা ক্যান্ট। ৫। মেসার্স এ কে কনস্ট্রাকশন, ১৯৮ ভাষানটেক, ঢাকা ক্যান্ট। ৬। মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন ৭। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল ৮। মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন ৯। মেসার্স আমিন ব্রাদার্স ১০। মেসার্স সিকদার এন্টারপ্রাইজ ১১। মেসার্স এস এস এন্টারপ্রাইজ ১২। দি মুন এন্টারপ্রাইজ ১৩। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ১৪। মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ১৫। মেসার্স মনির এন্ড কোং ১৬। মেসার্স সেভেন স্টার ইন্সট্রুমেন্ট ১৭। মেসার্স জি এম ট্রেডার্স ১৮। মেসার্স ময়নামতি ট্রেড ইন্টারন্যাশনাল ১৯। মেসার্স একটিভ এন্টারপ্রাইজ ২০। মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ	১৬,৫৬,৮৫৯.৮৫ টাকা	মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
মিরপুর ডিওএইচএস এলাকার ২য় ধাপের পাইপ লেইন (প্রট নং- ১১৮ হতে ১১৬ পর্যন্ত পূর্ব পার্শ্ব) নির্মাণ কাজ।	৩১,৮৫,০৩৭/-টাকা	১। দি মুন এন্টারপ্রাইজ ২। মেসার্স জি এম ট্রেডার্স ৩। মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স ৪। মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল ৫। মেসার্স রুদ্র এন্ড ব্রাদার্স ৬। মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ৭। মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন ৮। মেসার্স এ কে কনস্ট্রাকশন, ১৫৬/৬ মাটিকটা, ঢাকা ক্যান্ট। ৯। মেসার্স সরদার টেক এন্ড ইঞ্জিনিয়ার্স ১০। মেসার্স এ কে কনস্ট্রাকশন, ১৯৮ ভাষানটেক, ঢাকা ক্যান্ট। ১১। মেসার্স সরদার ট্রেডার্স ১২। মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল ১৩। মেসার্স ইমেল এন্টারপ্রাইজ ১৪। মেসার্স মনির এন্ড কোং ১৫। মেসার্স ইরা এন্টারপ্রাইজ ১৬। মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন ১৭। মেসার্স এম আর ট্রেড ইন্টারন্যাশনাল ১৮। দি এসোসিয়েটস ১৯। মেসার্স একটিভ এন্টারপ্রাইজ ২০। মেসার্স কে টি এস ট্রেডিং কোং ২১। মেসার্স ময়নামতি ট্রেড ইন্টার ২২। মেসার্স সিকদার এন্টারপ্রাইজ ২৩। মেসার্স সেভেন স্টার ইন্সট্রুমেন্ট ২৪। মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ ২৫। মেসার্স সোহেল এন্ড ব্রাদার্স ২৬। মেসার্স সন্ধানী বিল্ডার্স	৩০,২৫,৭৮৫.১৫ টাকা	মেসার্স একটিভ এন্টারপ্রাইজ	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলো সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাতিল খোলা হয়। পিপিআর এর সংশোধিত নীতিমালার আওতায় প্রাপ্ত দরসমূহ পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, প্রাক্কলিত মূল্যানুমানের চেয়ে ৫% নিম্নে একই কাজের জন্য একাধিক ঠিকাদার কর্তৃক দর প্রদান করায় সংশ্লিষ্টদের উপস্থিতিতে লটারীর মাধ্যমে কাজ/প্রকল্পের নামে পার্শ্ব উপরোল্লিখিতভাবে ঠিকাদার নির্বাচিত করা হয়। Tender Evaluation Committee (TEC) কর্তৃক দরপত্রগুলো মূল্যায়ন করা হয়েছে।

সিদ্ধান্ত : প্রাক্কলিত মূল্যানুমানের চেয়ে ৫% নিম্নে দর প্রদানকারী ঠিকাদারদের মধ্যে লটারীর মাধ্যমে নির্বাচিত ঠিকাদারদের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কাজগুলো জরুরী বিধায় চূড়ান্ত অনুমোদনের জন্য অনতিবিলম্বে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

লোচ্যসূচী-২৩ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত :-

কাজের বিবরণ	জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ	ঠিকাদারীর নাম
রজনীগন্ধা অফিসার্স পারিবারিক বাসস্থানের সামনে রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	৩,০১০/- টাকা	মোর্স আলী কলট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, উপরোল্লিখিত মেরামত/প্রকল্পটি সফলভাবে সমাপ্তির ০১(এক) বছর অতিক্রান্ত হয়েছে এবং ব্যবহারকারী/উপকারভোগী এ বিষয়ে প্রত্যয়ন প্রদান করেছেন বিধায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : উপরোল্লিখিত প্রকল্পটির বিরপরীতে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

লোচ্যসূচী-২৪ : স্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাসের ২০ ডিসেম্বর, ২০০৯ ইং তারিখের এস এইচ ও/৫ নং পত্রের আলোকে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, স্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাসের ২০ ডিসেম্বর, ২০০৯ তারিখের এসএইচও/৫ নং পত্রের মাধ্যমে ঢাকা সেনানিবাসস্থ বনানী, মহাখাণী, বারিধারা ও মিরপুর ডিওএইচএস, ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং সেনানিবাস সংলগ্ন এলাকায় মশক নিধন কার্যক্রম পরিচালনার নিমিত্তে কীটনাশক, জ্বালানীসহ বিভিন্ন সরঞ্জামাদি এবং শ্রেণ মেশিনের খুচরা যন্ত্রাংশ ক্রয় করার নিমিত্তে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার অনুদান চাওয়া হয়েছে। সেনানিবাস ও ডিওএইচএস এলাকায় ব্যাপকভাবে মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে বিধায় মশক নিধন কার্যক্রম পরিচালনার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অনুদান প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : স্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাসকে মশক নিধন কার্যক্রম পরিচালনার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চ্যাস্টনী-২৫ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাসহ ধামালকোট এবং ঘোষিত এলাকায় পানির বিলের রেইট বৃদ্ধিকরণ প্রসংগে ।

বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকাসহ ধামালকোট এবং ঘোষিত এলাকার বাড়ীর মালিকগণ প্রতি ফ্ল্যাট ৪০০/- (চারশত) টাকা হিসেবে পানির বিল দিয়ে থাকেন । কিন্তু যে পরিমান পানি ব্যবহার করে সেই তুলনায় প্রতি ফ্ল্যাট পানির বিল ৪০০/- (চারশত) টাকা খুব কম হয় । উল্লেখ্য যে, ৩০ মার্চ, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২০ এর মাধ্যমে প্রতি ইউনিট পানির বিল পূর্বের ৩৫০/-টাকা থেকে বৃদ্ধি করে ৪০০/-টাকায় বর্ধিত করা হয় । দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও পানির বিল বৃদ্ধি করা হয়নি বিধায় টাকা ওয়াসার সাথে সামঞ্জস্য রেখে পানির বিল বৃদ্ধি করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয় ।

ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সরবরাহকৃত আবাসিক এলাকার পানির বিল ফ্ল্যাট প্রতি মাসিক ৬০০/- (ছয় শত) টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো । বর্ধিত হার ০১ মার্চ, ২০১০ তারিখ থেকে কার্যকর হবে ।

-২৬ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোডে ১৯৯৭ সালে স্থাপিত ১ নং পানির পাম্পের কূপের পানি শেষ হয়ে যাওয়ায় ঐ স্থানে ১০০০'-০" গভীরতার নতুন পাম্প সেট স্থাপন প্রসংগে ।

প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বর্তমানে ০৩টি পানির পাম্প বিদ্যমান । ১নং পানির পাম্পটি ১৯৯৭ সালে স্থাপন করা হয়েছিল । যার হাউজিং ২০০'-০" । ১নং পানির পাম্পের পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় ৮" ফিল্টারের ভিতরে ৩" কলাম পাইপ ঢুকিয়ে ১৫ কিলোগ্রাম সাবমারসিবল পাম্প মটরসহ স্থাপন করে সামান্য পানি পাওয়া যাচ্ছে । ৮নং রোডে অবস্থিত ২নং পানির পাম্পটি ২০০২ সালে স্থাপিত যার হাউজিং ৩০০'-০" । পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় ৩০০'-০" গভীরতা পর্যন্ত কলাম পাইপ স্থাপন করেও পর্যাপ্ত পানি পাওয়া যাচ্ছে না । যেটুকু পানি পাওয়া যায় তা দিয়ে ক্যান্টনমেন্ট বাজার এলাকা, কচুক্ষেত পুরান বাজার এলাকা এবং ধামালকোট এলাকার গ্রাহকদের চাহিদা অনুযায়ী পানি সরবরাহ সম্ভব হচ্ছে না । তাই ক্যান্টনমেন্ট বাজার এলাকাসহ বোর্ড আওতাধীন ঘোষিত এলাকায় বসবাসরত মানুষের পানির চাহিদা মেটানোর জন্য ৪র্থ পানির পাম্প স্থাপন করা প্রয়োজন । উল্লেখ্য যে, ০১টি সাবমারসিবল পাম্পের আয়ুষ্কাল ১০ বছর পর্যন্ত হয়ে থাকে । সার্বিক দিক পর্যালোচনায় ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোডে ১৯৯৭ সালে স্থাপিত ১ নং পানির পাম্পের কূপের পানি শেষ হয়ে যাওয়ায় ঐ স্থানে ১০০০'-০" গভীরতার জরুরী ভিত্তিতে নতুন পাম্প স্থাপন করা প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয় ।

ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোডে ১ নং পানির পাম্পের স্থানে ১০০০'-০" গভীরতার নতুন পাম্প স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো । বিস্তারিত মূল্যানুমানসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করা যাক ।

নী ডিওএইচএস এলাকার অভ্যন্তরে অধিক ক্ষমতা সম্পন্ন পানির পাম্প স্থাপনের জন্য টাকা ওয়াসাকে জায়গা দিয়ে দেয়া প্রসংগে ।

ব্যাপারে সেনা সদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে গত ০৬ অক্টোবর, ২০০৯ তারিখে কিউএমজি দয়ের সভাপতিত্বে সভার আইটেম-১০ বিবিধ (সীমিত) এর সিদ্ধান্তের আলোকে ডিওএইচএস পরিষদ এবং কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে সম্ভাব্য স্থান নির্ধারণের জন্য পরিদর্শন করা হয়েছে । ২ নং রোডের খেলার মাঠের পশ্চিম কোণায় ২য় Submersible পাম্প বসানোর ব্যাপারে একমত পোষণ করা হয়েছে । বনানী হিএস এলাকায় বসবাসকারীদের পানির সমস্যা দূরীকরণের জন্য জরুরী ভিত্তিতে পানির পাম্প স্থাপন করা ন । ওয়াসা কর্তৃপক্ষ জানান যে, জরুরী ভিত্তিতে কার্যক্রম শুরু করা না হলে প্রজেস্ট অন্যত্র চলে যেতে পারে । সেনার পাম্প স্থাপন কাজ শুরু করার জন্য নির্বাচিত স্থানে অনুমতি দেয়া যেতে পারে ।

পানির পাম্প বসানোর অনুমতি দেয়া হোক ।

আলোচ্যসূচী-২৮ : ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের রেশন প্রদান প্রসঙ্গে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণ শুরু থেকেই আর্থিক স্ট্যান্ড হতে রেশন সুবিধা পেয়ে আসছিলেন। কিন্তু ১৯৮১ সাল থেকে শুধুমাত্র ৩টি কল্লারচেনী শাখার কর্মকর্তা/কর্মচারী, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর এর কর্মকর্তা/কর্মচারীদের রেশন সুবিধা প্রদান করে ক্যান্টনমেন্ট বোর্ডের অবশিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের রেশন প্রদান বন্ধ রাখা হয়। আলোচনায় আরো জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণ নিম্ন বেতন ভুক্ত এবং বর্তমান বাজার মূল্যে প্রাপ্ত বেতন দিয়ে সংসার চালাতে অত্যন্ত দুঃস্থ হয়ে পড়েছে। তাদেরকে রেশন সুবিধা প্রদান করা হলে তাদের নিকট থেকে আরো ভালো কর্মতৎপরতা পাওয়া যাবে বলে সভায় মত প্রকাশ করা হয়। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, বর্তমানে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে মোট ৬৩২ জন স্থায়ী কর্মকর্তা/কর্মচারীর পদ রয়েছে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীকে রেশন প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৯ : ভাষণটেক স্কুলের জমির শ্রেণী পরিবর্তন প্রসঙ্গে।

আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ ভাষণটেক এলাকায় বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক অধিগ্রহণকৃত ১.০৮ একর জমির উপর ভাষণটেক উচ্চ বিদ্যালয়টি ১৯৮০ সালে প্রতিষ্ঠিত হয়। এলাকার জনপ্রতিনিধিদের ও গণ্যমান্য ব্যক্তিবর্গের পৃষ্ঠপোষকতায় বিদ্যালয়টি ধীরে ধীরে অবকাঠামোগত উন্নতি লাভ করে। পরবর্তীতে প্রতিরক্ষা বিভাগীয় জমিতে স্থাপিত বিদ্যালয়টি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অধিগ্রহণ করার জন্য স্টেট গন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৮/৭/২০০৭ তারিখের ৬১৯/৫/এ/২ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়। সে মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়। অতঃপর প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৫ জানুয়ারি, ২০১০ তারিখের ১প্র-৫/২০০৮/ডি-৯/১২ নং পত্রের মাধ্যমে আলোচ্য বিদ্যালয়ের জমির শ্রেণী পরিবর্তন করে 'সি' শ্রেণীতে রূপান্তর করতঃ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অধিগ্রহণের পরামর্শ দেয়া হয়। বিস্তারিত পর্যালোচনাতে উক্ত বিদ্যালয়ের জমি 'সি' শ্রেণীতে রূপান্তর করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ভাষণটেক উচ্চ বিদ্যালয়ের জমি 'সি' শ্রেণীতে রূপান্তর করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩০ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত নাগরিকত্ব/পরিচয়পত্র ফি বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ঢাকা সেনানিবাসে বসবাসকারী বাসিন্দাদের নাগরিকত্ব/পরিচয়পত্র প্রদান করা হয়ে থাকে। যার জন্য বর্তমানে ২৫/- (পঁচিশ) টাকা হারে ফি আদায় করা হয়। উক্ত সনদপত্র ছাপানো এবং বিতরণ বাবদ ২৫/- (পঁচিশ) টাকার অধিক ব্যয় হয়। বিস্তারিত পর্যালোচনাতে নাগরিকত্ব/পরিচয়পত্র ফি বৃদ্ধি করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : নাগরিকত্ব/পরিচয়পত্র ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা হারে ফি আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো এবং পরিচয়পত্র নবায়নের ক্ষেত্রে ২৫/- (পঁচিশ) টাকা হারে ফি আদায় করতে হবে। ০১ এপ্রিল, ২০১০ তারিখ থেকে নতুন হারে ফি আদায় করতে হবে।

আলোচ্যসূচী-৩১ : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যংকের ছাদের উপর স্থাপিত সাইন বোর্ডের বিজ্ঞাপন কর পুনঃনির্ধারণ প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যংকের ছাদের উপর প্রো-এক্সট এডভার্টাইজিং এন্ড কমিউনিকেশন লিমিটেড কর্তৃক স্থাপিত ৩০×১০ সাইজের ০২ টি = ৬০০ বর্গফুট বিলবোর্ড এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে হয়ে যাওয়ার গত ১৩ মার্চ ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-২৪ এর মাধ্যমে উপস্থাপন করা হলে মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে বাৎসরিক প্রতি বর্গফুট ২০০/- হারে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য নবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিলবোর্ডের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখে উত্তীর্ণ হয়ে যাওয়ার মেয়াদ নবায়নের বিষয়টি গত ৩০ ডিসেম্বর, ২০০৯ তারিখের অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-২৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে প্রতি বর্গফুট ৪৭১/- টাকা হারে ০১(এক) বছরের জন্য নবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রো-এক্সট এডভার্টাইজিং এন্ড কমিউনিকেশন লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব হারুনার রশিদ নির্ধারিত ভাড়া অধিক হয়েছে মর্মে পুনঃ ভাড়া নির্ধারণ করে ০২ বছরের জন্য মেয়াদে নবায়নের নিমিত্তে ২৩/২/২০১০ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। বিস্তারিত পর্যালোচনায় প্রতি বর্গফুট ৪০০/- (চারশত) টাকা হারে উক্ত বিলবোর্ডের মেয়াদ ০২(দুই) বছরের জন্য নবায়ন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যংকের ছাদের উপর স্থাপিত সাইন বোর্ডের বিজ্ঞাপন কর প্রতি বর্গফুট বার্ষিক ৪০০/- (চারশত) টাকা হারে নির্ধারণসহ এর মেয়াদ ০২(দুই) বছরের জন্য নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩২ : শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলে শিশু শ্রেণীতে ০২(দুই)টি শাখা খোলাসহ ০২(দুই) জন জুনিয়র শিক্ষকের পদ সৃষ্টি ও নিয়োগ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলে বর্তমানে শিশু শ্রেণীতে ০২(দুই)টি শাখা রয়েছে এবং মোট ছাত্র-ছাত্রী ২০০ এর অধিক। এছাড়াও আটো ছাত্র-ছাত্রী ভর্তির জন্য প্রতিনিয়ত অভিভাবক/উর্ধ্বতন সামরিক বেসামরিক কর্মকর্তাগণ অনুরোধ করছেন। কিন্তু স্থান সংকুলানের অভাবে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাচ্ছে না। অপরদিকে উক্ত বিদ্যালয়ে মোট ২৩ জন জুনিয়র শিক্ষক-শিক্ষিকা রয়েছেন। এ প্রেক্ষিতে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের গভর্নিং বডির সংগে উক্ত বিদ্যালয়ে শিশু শ্রেণীতে আরো ০২(দুই)টি শাখা খোলাসহ ০২(দুই) জন জুনিয়র শিক্ষকের পদ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলে শিশু শ্রেণীতে আরো ০২(দুই)টি শাখাসহ ০২(দুই)টি জুনিয়র শিক্ষকের পদ সৃষ্টির প্রস্তাব করেছেন। সার্বিক বিবেচনায় সেনানিবাসের সামরিক বেসামরিক ব্যক্তিবর্গের সন্তানদের শিক্ষা প্রদানের নিমিত্তে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের শিশু শ্রেণীতে আরো ০২(দুই)টি শাখা খোলাসহ জুনিয়র শিক্ষকের ০২(দুই)টি পদ সৃষ্টি করা সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের শিশু শ্রেণীতে আরো ০২(দুই)টি শাখা খোলাসহ জুনিয়র শিক্ষকের ০২(দুই)টি পদ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-২২

আলোচ্যসূচী-৩৩ : ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার প্লটসমূহের অননুমোদিত নির্মাণ অপসারণ ও জরিমানা আদায় প্রসঙ্গে।

আলোচনা : মহাখালী ডিওএইচএস এলাকায় পূর্বের অননুমোদিত নির্মাণের জন্য আংশিক ক্ষতিপূরণ প্রদানকারী প্লট বরাদ্দলাভকারীগণকে সেনা সদরের সিদ্ধান্ত অনুযায়ী অননুমোদিত নির্মাণ অপসারণের জন্য পত্র দেয়া হলে সংশ্লিষ্ট বরাদ্দলাভকারীগণ কিছু কিছু ক্ষেত্রে অননুমোদিত নির্মাণ অপসারণ এবং ক্ষতিপূরণ দিতে চাচ্ছেন না উপরন্তু কিছু অফিসার আবার বর্ধিত হারে ক্ষতিপূরণ দিতে রাজী নন। এ ব্যাপারে সিদ্ধান্ত প্রয়োজন।

সিদ্ধান্ত : সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির আগামী সভায় বিষয়টি উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৪ : মহাখালী ডিওএইচএস এর ৪০৬ নং প্লটের অননুমোদিত নির্মাণ এবং বরাদ্দের অতিরিক্ত দখলকৃত অতিরিক্ত জমি প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এর ৪০৬ নং প্লটে ২৯৯১ বঃফুঃ অননুমোদিত নির্মাণ রয়েছে। তন্মধ্যে ১৩৮০ বঃফুঃ এর জন্য ৩,১৭,৭৫০/-টাকা ক্ষতিপূরণ জমা করেছেন। অবশিষ্ট ১৬১১.০০ বঃফুঃ অননুমোদিত নির্মাণ রয়েছে ৫ম তলা পর্যন্ত। ৫ তলার ছাদের উপর ৬০০ বঃফুঃ অননুমোদিতভাবে রুম নির্মাণ করা হয়েছে। এছাড়া অবৈধভাবে ৭২'-০" x ৬'-০" সরকারী জমিতে বাউন্ডারী ওয়াল নির্মাণ করে ০৬টি পিলারের সাহায্যে এবং টিনের ছাউনী নির্মাণ করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত বাড়ীর ৫তলা পর্যন্ত নকশা অনুমোদন রয়েছে।

সিদ্ধান্ত : অননুমোদিত নির্মাণ অপসারণ করার জন্য সংশ্লিষ্ট প্লট মালিককে চূড়ান্ত নোটিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। নির্ধারিত সময়সীমার মধ্যে অননুমোদিত নির্মাণ অপসারণ করা না হলে সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর সহায়তায় সকল Utility Service বন্ধ করার কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যসূচী-৩৫ : মিরপুর ডিওএইচএস এর বিভিন্ন প্লটে নকশা বহির্ভূত অননুমোদিত নির্মাণ অপসারণ প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর ১১৯, ১২০, ১২৬, ১৩৬, ১৩৮, ১৫৬, ১৯২, ১৯৬, ২১৮, ২৬৭, ২৬৮, ২৯৩, ৩১৩ ও ৩১৫, ৩১৬, ৩২৪, ৩২৭, ৩৭১, ৩৯১, ৪১৩, ৪২৩, ৪৪৩, ৫১২, ৫৩৬, ৫৩৭, ৬৬৪/এ, ৭২৭, ৭৭৯, ৬৭৬ ও ৬৭৮ এবং ১২৫ প্লটে নকশা বহির্ভূত অননুমোদিত নির্মাণ করা হয়েছে এবং তা অপসারণের জন্য পত্র দেয়া হয়েছে। কিন্তু বার বার তাগিদ প্রদান করা সত্ত্বেও উক্ত প্লটসমূহের অননুমোদিত নির্মাণ অপসারণ করা হচ্ছে না মর্মে সভাকে অবহিত করা হয়। বিস্তারিত পর্যালোচনান্তে মিরপুর ডিওএইচএস এর আলোচ্য প্লটসমূহের অননুমোদিত নির্মাণ জরুরী ভিত্তিতে অপসারণ করার কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এর উপরোল্লিখিত প্লটসমূহের মালিকগণকে এবং এ তালিকার বহির্ভূত আরো প্লটে অননুমোদিত নির্মাণ থাকলে অননুমোদিত নির্মাণ অপসারণের জন্য চূড়ান্ত নোটিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। নির্ধারিত সময়সীমার মধ্যে অননুমোদিত নির্মাণ অপসারণ করা না হলে সকল Utility Service বন্ধ করার কার্যক্রম গ্রহণ করতে হবে। এ ব্যাপারে ডিওএইচএস পরিষদ সার্বিক সহায়তা প্রদান করবে এবং যথা নিয়মে অপসারণ কার্যক্রম পরিচালনা করা হোক।

চলমান পাতা-২৩

আলোচ্যসূচী-৩৬ : বারিধারা ডিওএইচএস এর ৪৯২/৬ নং প্রুটের অননুমোদিত নির্মাণ অপসারণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এর ৪৯২/৬ নং প্রুটের বরাদ্দলাভকারী কর্ণেল (অবঃ) মোঃ মাহবুবুর রহমান ও মিসেস ফিরোজা মেসবাহ। উক্ত প্রুটে অননুমোদিত নকশা বহির্ভূত মোট ১১৩৮.৫০ বর্গফুট অননুমোদিত নির্মাণ রয়েছে। যার মধ্যে ৬৬৭.৫০ বর্গফুটের জন্য ইতোমধ্যে ১,৩৩,৫০০.০০ টাকা ক্ষতিপূরণ অত্র দপ্তরে জমা করা হয়েছে। ক্ষতিপূরণ বহির্ভূত মোট ৪৭১.০০ বর্গফুট অননুমোদিত নির্মাণ রয়েছে। সংশ্লিষ্ট প্রুট মালিক গত ৩০ ডিসেম্বর, ২০০৯ তারিখের আবেদনে জানান য, বর্তমানে উক্ত প্রুটের অননুমোদিত নির্মাণ কাজ যেমন ভেঙ্গে ফেলা সম্ভব নয় তেমন এর জন্য ক্ষতিপূরণ পরিশোধ করাও তাদের পক্ষে সম্ভব নয়। বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনাতে উক্ত প্রুটের অননুমোদিত নির্মাণ জরুরী ভিত্তিতে অপসারণ করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : অননুমোদিত নির্মাণ অপসারণ করার জন্য সংশ্লিষ্ট প্রুট মালিকগণকে চূড়ান্ত নোটিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। নির্ধারিত সময়সীমার মধ্যে অননুমোদিত নির্মাণ অপসারণ করা না হলে সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর সহায়তায় সকল Utility Service বন্ধ করার কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যসূচী-৩৭ : পোষ্ট অফিস সার-স্টেশন (এমইএস লাইন) হতে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে বিদ্যুৎ সংযোগ প্রদানের বিল বাবদ ৩,২২,০৬৪/-টাকা পরিশোধ প্রসংগে। এ প্রসংগে জিই (আর্মি) মেইন্ট সাউথ, ঢাকা সেনানিবাসের ১৪ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের ৪০০৩/খণ্ড-২৪/৫১/ই-৪ নং পত্রটি সভায় উপস্থাপনা করা হলো।

আলোচনা : জিই (আর্মি) রক্ষণাবেক্ষণ দক্ষিণ এর তত্ত্বাবধানে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে এমইএস লাইন হতে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। জিই (আর্মি) রক্ষণাবেক্ষণ দক্ষিণ এর পত্রে মেসার্স খাঁন ট্রেডার্সকে বিল প্রদানের জন্য বলা হয়েছে।

সিদ্ধান্ত : জিই (আর্মি) মেইন্ট সাউথ, ঢাকা সেনানিবাস বরাবর ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে বিদ্যুৎ সংযোগ প্রদানের বিল বাবদ ৩,২২,০৬৪/- (তিন লক্ষ বাইশ হাজার চৌষট্টি) টাকার চেব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৮-বিবিধ(১) : বনানী ডিওএইচএস এলাকার ৯২ নং বাড়ীতে অননুমোদিতভাবে নির্মিত ডোম অপসারণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বনানী ডিওএইচএস এর ৯২ নং প্রুট ০৬ (ছয়) তলা বাড়ী নির্মাণের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নকশা অনুমোদন করা হয়। কিন্তু উক্ত প্রুটে অননুমোদিত নকশা বহির্ভূতভাবে ডোম নির্মাণ করা হয়। যা অপসারণের জন্য বার বার নোটিশ প্রদান করা সত্ত্বেও অদ্যাবধি অপসারণ করা হয়নি। বিস্তারিত পর্যালোচনাতে বনানী ডিওএইচএস এর উক্ত বাড়ীর অননুমোদিত নির্মাণ জরুরী ভিত্তিতে অপসারণ করা প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বনানী ডিওএইচএস এর ৯২ নং প্রুটে নির্মিত বাড়ীর অননুমোদিত নির্মাণ অপসারণের জন্য ০৭(সাত) দিনের সময় দিয়ে চূড়ান্ত নোটিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। নির্ধারিত সময়ের মধ্যে অননুমোদিত নির্মাণ অপসারণ করা না হলে সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর সহায়তায় সকল Utility Service বন্ধকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হোক।

চলমান পাতা-২৪

৩৮বিবিধ(২) : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ডগ শুটার এর ০২(দুই)টি পদ সৃষ্টি প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বর্তমানে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ডগ শুটার এর মাত্র একটি পদ রয়েছে। উক্ত একজন ডগ শুটার দিয়ে ঢাকা সেনানিবাসসহ ডিওএইচএসসমূহে অবাঞ্ছিত কুকুর নিধন করা সম্ভবপর হচ্ছে না। তাছাড়াও কুকুর নিধনের মত কাজটি একজনের পক্ষে একা সম্পাদন করাও সম্ভবপর নয় বিধায় ডগ শুটার এর ০২(দুই)টি পদ সৃষ্টি করণসহ উক্ত পদে জরুরী ভিত্তিতে লোক নিয়োগের বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ০২(দুই)টি ডগ শুটার এর পদ সৃষ্টিসহ উক্ত পদে জরুরী ভিত্তিতে লোক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৯বিবিধ(৩) : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাঠের গাছ ও জ্বালানী কাঠ নিলামে বিক্রির নিমিত্তে প্রাপ্ত ৮৫,৪১০/- টাকার সর্বোচ্চ দর অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস কবরস্থানে অবস্থিত ছোটবড় ১৬(ষোল)টি কড়াই গাছ, ০১(এক)টি একাশিয়া গাছ, ০১(এক)টি জারুল গাছ, ০১(এক)টি আম গাছ, ০২(দুই)টি মরা তাল গাছ, কিছু ছোট জংলী গাছ এবং সেনাভবনের বিপরীত দিকে অবস্থিত মরা আম গাছ ০১(এক)টি ও অফিসে রক্ষিত বিভিন্ন গাছের ডালপালাসহ জ্বালানী কাঠ আনুমানিক ৫০ মন নিলামে বিক্রির জন্য গত ০৮ ফেব্রুয়ারি, ২০১০ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৬(ছয়)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ জলিল, সিবি-২০৪/২, কচুক্ষেত, ঢাকা কর্তৃক ৭৫,৯০০/- টাকার সর্বোচ্চ দর দাখিল করা হয়। উক্ত সর্বোচ্চ দর সন্তোষজনক না হওয়ায় পুনঃ দরপত্র আহ্বান করা হলে গত ২৫ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে রনি স' মিল, ১৯৯/২, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৮৫,৪১০/- টাকার দরটি সর্বোচ্চ হয়। উল্লেখ্য যে, উক্ত গাছ এবং জ্বালানী কাঠের এমআরপি নির্ধারণ করা হয়েছে ৫০,৮২২/৭৯ টাকা।

সিদ্ধান্ত : রনি স' মিল, ১৯৯/২, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৮৫,৪১০/- টাকার সর্বোচ্চ দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৪০বিবিধ(৪) : মিরপুর ডিওএইচএস এলাকায় গার্ড রুমসহ নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকায় সেটব্যাকের মধ্যে ৬০ বর্গফুট আয়তনের গার্ডরুম ও একটি টয়লেটের নকশা অনুমোদনে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটিতে উপস্থাপন করা হলে উক্ত সভায় বিষয়টি অনুমোদন করা হয়নি বিধায় বাইল'জ সংশোধন করা যায়নি।

সিদ্ধান্ত : সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির পরবর্তী সভায় বিষয়টি পুনর্বিবেচনার জন্য উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।



চলমান পাতা-২৫

৩৮বিবিধ(৫) : ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য একটি ইসিজি মেশিন ক্রয় প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে বিভিন্ন ধরনের গুরুত্বপূর্ণ ও জটিল অপারেশন করা হলেও হাসপাতালে কোন ইসিজি মেশিন নেই। যার ফলে প্রায়শঃই নানা জটিলতার সৃষ্টি হচ্ছে। এ প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের চীফ মেডিক্যাল অফিসার হাসপাতালের জন্য একটি ইসিজি মেশিন সরবরাহ করার জন্য অনুরোধ জানিয়েছেন।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য জরুরী ভিত্তিতে একটি ইসিজি মেশিন ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। এ লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো :-

- (১) মেজর এ কে এম শহীদুল হাসান -- আহ্বায়ক।
স্টেশন হেলথ অফিসার
ঢাকা সেনানিবাস।
- (২) চীফ মেডিক্যাল অফিসার -- সদস্য
ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল
ঢাকা সেনানিবাস।
- (৩) নির্বাহী প্রকৌশলী -- সদস্য
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

উক্ত কমিটি ইসিজি মেশিনের স্পেসিফিকেশন প্রস্তুত, দরপত্র আহ্বান ও সরবরাহকৃত মালামালের গুণগত মান নিশ্চিত করবেন।

৩৮বিবিধ(৬) : সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ (আব্বাহ মসজিদ) এর নাম পরিবর্তন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে সেনা কেন্দ্রীয় মসজিদ এবং সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ (আব্বাহ মসজিদ) নামে দু'টি মসজিদ থাকায় প্রায়শঃই বিভিন্ন অনুষ্ঠান সূচীতে বিভ্রাট ঘটে। যার ফলে দু'টি মসজিদের ভিন্ন ভিন্ন নাম হওয়া বাঞ্ছনীয় মর্মে সভায় মত প্রকাশ করা হয়। সেনা কেন্দ্রীয় মসজিদ তৈরীর সময় বিষয়টি নিষ্পত্তি হয়েছে। তবে আব্বাহ লেখাটির স্থলে বড় করে সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ লেখা যেতে পারে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ (আব্বাহ মসজিদ)টি 'ক্যান্টনমেন্ট বোর্ড আব্বাহ মসজিদ' নামে নামকরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৮বিবিধ(৭) : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত স্কুল/কলেজসমূহের জন্য Student Information & Collection System এবং Accounts Management System সফটওয়্যার ক্রয়করণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত স্কুল/কলেজসমূহে ছাত্র-ছাত্রীর পরিমাণ বৃদ্ধি পেলেও স্কুল/কলেজগুলোতে প্রয়োজনীয় সংখ্যক লোকবল নিয়োগ করা সম্ভবপর হয়নি। যার ফলে ছাত্র-ছাত্রীদের রেকর্ড সংরক্ষণ, ফলাফল পর্যবেক্ষণ ইত্যাদি কাজ সুষ্ঠুভাবে করা যাচ্ছে না। এ প্রেক্ষিতে ছাত্র-ছাত্রীদের ডাটাবেজ, শিক্ষকদের ডাটাবেজ, শ্রেণী কার্যক্রম, ফলাফল এবং এ্যানালিসিস ব্যবস্থাপনার জন্য সফটওয়্যার ব্যবহার করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : প্রতিষ্ঠিত সফটওয়্যার কোম্পানীর নিকট হতে স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব সংগ্রহ করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

৩৮ বিবিধ(৮) : সেনাভবনের বিপরীতে শহীদ সরণির পশ্চিম পার্শ্বের খালি প্লটে মাটি ভরাট করে বাগান সৃজন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেনাভবনের বিপরীত দিকে শহীদ সরণির পশ্চিম পার্শ্ব একটি খালি প্লট রয়েছে। উক্ত প্লটটি রাস্তা থেকে অনেক নিচু এবং সামান্য বৃষ্টি পাতেরই পানি জমে ডোবার মতো হয়ে যায়। এ প্রসংগে উল্লেখ্য যে, উক্ত প্লটের বিপরীত দিকে শিখা অনির্বাণ অবস্থিত এবং বছরের বিভিন্ন সময়ে সেখানে ভিডিআইপিসহ বিদেশী অতিথিবৃন্দ শ্রদ্ধা নিবেদন করতে আসেন। এ প্রেক্ষিতে উক্ত প্লটটি মাটি/বালু দ্বারা ভরাট করে বাগান/নার্সারী হিসেবে ব্যবহার করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : আলোচ্য প্লটটি মাটি দ্বারা ভরাট করে বাগান/নার্সারী হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৯ বিবিধ(৯) : শহীদ সরণি ৩ লেনে উন্নীতকরণ প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণিটি সেনানিবাসের প্রধান সড়ক। সেনানিবাসে যানবাহনের যাতায়ত পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে উক্ত প্রধান সড়কটি ৩ লেনে উন্নীত করা প্রয়োজন। উল্লেখ্য যে, উক্ত রাস্তাটির অধিকাংশ স্থান ৩/৪ লেন বিশিষ্ট হলেও কিছু স্থান ২ লেন বিশিষ্ট। উক্ত ২ লেন বিশিষ্ট স্থানগুলো ৩ লেনে উন্নীত করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সরেজমিন সার্ভে করে শহীদ সরণি ৩ লেনে উন্নীত করার একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব এবং মূল্যানুমান প্রস্তুতের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো :-

- | | | | |
|-----|---|----|---------|
| (১) | লেঃ কর্ণেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | আহবায়ক |
| (২) | জনাব হেলাল উদ্দিন আহমেদ
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | প্রতিনিধি
সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর
কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | প্রতিনিধি
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট। | -- | সদস্য |

উক্ত কমিটি আগামী ৩০ এপ্রিল, ২০১০ তারিখের মধ্যে একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড এর বরাবর প্রেরণ করবেন।

Handwritten signature

-ঃঃ ২৭ ঃঃ-

৩৮ বিবিধ(১০) : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একটি ল্যাপটপ কম্পিউটার এবং একটি ডিজিটাল ক্যামেরা ক্রয়করণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে বোর্ডসবাসহ প্রায়শঃই বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ওভারহেড প্রজেক্টরের মাধ্যমে বিভিন্ন প্রেজেন্টেশন উপস্থাপন করতে হয়। কিন্তু কোন ল্যাপটপ কম্পিউটার না থাকায় প্রেজেন্টেশন প্রদানে অসুবিধা হয়। এছাড়াও বোর্ডের জরুরী প্রয়োজনে একটি ডিজিটাল ক্যামেরাও ক্রয় করা প্রয়োজন।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একটি ল্যাপটপ কম্পিউটার ও একটি ডিজিটাল ক্যামেরা ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৮ বিবিধ(১১) : ঢাকা সেনানিবাসস্থ রজনীগন্ধা অফিসার্স পারিবারিক বাসস্থান এলাকায় স্বর্ণালী বিল্ডিং এর পশ্চিম পার্শ্বে শিশুপার্ক তৈরীকরণ প্রসংগে।

আলোচনা : স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৮ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের ৭০৩/২/কিউ-৩/এ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার শিশুপার্ক নির্মাণের জন্য অনুরোধ করা হয়েছে।

সিদ্ধান্ত : জরুরী ভিত্তিতে শিশুপার্কের মূল্যানুমান ও নকশা প্রস্তুত করে আগামী বোর্ড সভায় উপস্থাপন করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নাজমুছ সাদাত সেলিম)
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল তানভির হাসান মজুমদার)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।